বিত্তীয় জিনিস হচ্ছে, আপনারা জানেন ভাটপাড়ার ইলেকসন কেবলমাত্র সেট এসাইড হয়নি তাদের কাজগুলিকে নাকচ করে দিয়েছে বেআইনী বলে। আপনারা আইন করে সেই বেআইনী কাজগুলিকে সমস্ত আইনসমত্ব করতে চাইছেন। হাইকোর্ট specifically বলতে চাইছেন সমস্ত কাজগুলি বেআইনী সেখানে আপনারা বলছেন কাজগুলি shall be deemed to be legal—আইনের ওভারে সেই বেআইনী কাজগুলিকে legal করে দিলেন: এব ইতিহাস কি, এব ইতিহাস হচ্ছে local authorities constituency—কালিগ়ণ বাসুর নির্বাচন is one of them। কালিগ়ণ বাসু নির্বাচিত হয়েছেন এইসমস্ত কমিশনারদের ভোকে যে মিউনিসিপালিটি কমিশনারদের আয়, নির্বাচন, তাদের কাজকর্ম সমস্ত declared invalid by the High Court. তারায়ে ভোটটি কালিগ়ণ ফেডারে দিয়েছেন তা যদি invalid হয়ে যাব তাহলে কালিগ়ণ এখানে মন্তব্য করু হয়ে আসা invalid হয়ে যাব। স্বতরাং দেঙ্গুল' রাইজ কবাৰ কথা সেখানে উচ্চ যাতে কালিগ়ণ ভোটের ক্ষতি না হয়। ক্ষু ভাটপাড়া মিউনিসিপালিটির কথা বলছেন কেন আমাৰ ইন্দৱেশান ঘেটুকু তাতে বলতে পাৰি ১৪টি মিউনিসিপালিটিৰ নির্বাচন হয়েছে, ১৪টাৰ ভোট কালিগ়ণ পেয়েছেন। সেই ভোট যাতে কালিগ়ণ বিকলে চলে না যায় পেষণ সেই ইলিলিগাল কাজগুলিকে আপনারা এব মুখ্যধান দিয়ে লিগ্যাল করতে চাইছেন।

[৫-৫০-৬ p. m.]

This is a fraud on democracy and this is a fraud on the constitution.

যার গৰ্ব আপনারা করেন। তার মাঝখান দিয়ে পেছন দিক দিয়ে সমস্ত জিনিষকে বানচাল কৰিবাৰ অস্ত আপনারা এই জিনিষটা অনেছেন। আবাৰ বড় গলা করে বলছেন Constitution মানছি; গণতন্ত্র মানছি একথা আৰ বলাৰ দৱকাৰ নেই। আমি specifically বলবো হাইকোর্ট কলিং দিয়েছে illegal, তাৰ সংশোধন কৰাৰ দৱকাৰ। তাৰঅস্ত নৃতন করে আইন কৰা দৱকাৰ, তাই কৰন তবে এই respectে গভৰ্ণমেন্ট থেকে বিচার বিভাগ স্বত্বে আপনার বলাৰ মুখ নাই। তেম্ৰাও আইন মানোনি ইতাদি বলা যাব না। আপনাদের হাতে ক্ষমতা আছে বলে আপনাদের সমস্ত বে-আইনী কাজগুলো অইনসমত্ব করে নিজেন কাৰণ আপনাদেৱ হাতে ভোটাৰ বেলি আছে। Why should you condemn it then, তা যদি condemn কৰতে হৰ তাহলে আপনারাও legally condemned. আমাৰ বক্তব্য হচ্ছে আইনেৰ মধ্যে যে সৃষ্টিতন্ত্রী রয়েছে, তাদেৱ সমস্ত বোঁৰা কাজগুলিকে retrospective effect দিয়ে চেষ্টা হচ্ছে, legal বা আইনসিদ্ধ কৰে নেওৱা হচ্ছে। কালীগ়ণ বাসুৰ মত সমস্ত Council এৰ মেৰাংৰ যাবা local authorities constituency থেকে এসেছেন, সেই ১৪টি মিউনিসিপালিটিৰ কমিশনারদেৱ ভোটেৰ ক্ষেত্ৰে ডিউক্ষিণ্যোডে'ৰ মেৰ'বদেৱ ভোটেৰ ক্ষেত্ৰে যাবা এসেছেন, যেগুলি যাতে অক্ষত থাকে তাৰজত্ব এই বিল আনা হৰেছে। এই অসমুচ্ছে

প্রয়োদিত বিলকে কারো সমর্থন করা উচিত নয়। সেইজন্ত আমি এটাকে অনন্ত সংগ্রহের জন্য পাঠাতে বলছি।

Shri Ramanuj Halder : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1961.

আবু, একটা সাধারণ জিনিয় আগমনির সামনে বাধতে চাই। আমি লক্ষ্য করে দেখেছি আমাদের পশ্চিমবঙ্গের সম্বিগুলী এরা সত্ত্বা দেন সাধারণতঃ বখন বেধেন সাধারণভাবে অনেক দুর্দিন। ঘটে থাকে। তাৰজম্ব অডিজ্ঞাস এনে পৰবৰ্তীকালে কি কৰে সেই হোৰজটি আইনেৰ মাধ্যমে আৰা যাৰ আৰ প্ৰচেষ্টা কৰেন। এত দীৰ্ঘনিম ধৰে বিভিন্ন আইনসংজ্ঞাত ব্যাপারে তাৰেৰ যদি বেশী অডিজ্ঞাসেৰ মাধ্যমে আসতে হয়, তাৰলে সেটা খুবই নিৰ্বৰ্জিতাৰ কাৰণ বলে মনে কৰি। মাননীয় স্বৰূপধাৰু ও অক্ষয় সদস্যৱা যা বলেছেন তাৰপৰে একটা জিনিয় বিশেষ কৰে প্ৰতিবাদ মূলক বৰেছে। এই সময়েৰ মধ্যে যদি কোন কমিশনাৰ কোন দোষধীয় অস্ত্রীয় কাজ কৰে থাকেন, সেটাকে যে ব্ৰক্ষমতাৰে আইনসংজ্ঞ বলে চালাবাৰ প্ৰচেষ্টা হচ্ছে তা অতোল্পন নিলাই। তাৰা অতোল্পন যে কোন কাজ কৰে যাবেন ঐ সময়েৰ মধ্যে, সেটা যনে নিতে হবে। ঠিক এমন ধৰণেৰ আইন আনন্দ প্ৰচেষ্টা সমাক আমৰা উপলক্ষ কৰতে পাৰিন না। অতোকটা জিনিয় দেখা যাচ্ছে যে অতোল্পন ঘটনা থেকে একটা বুকি নিয়ে চলে যেটাৰ মধ্যে আৰ্থ এবং বাণিজ্যিক গোটিগত আৰ্থকে ধড়িয়ে রাখা হয়েছে, যা এই ভাটগাড়াৰ সংকে বজ্যোৰ মধ্য থেকে দেখা গৈছে before the expiration of their due term.

একটা নিৰ্বাচন হৰে গেল। এটা কেমন কৰে সংষ্ক হয়? নিষ্ক্ৰিয় একটা ঘটনা ঘটেছিল যে কাৰণে মেথানে একটা নিৰ্বাচন কৰে মেওয়া হয়েছে। যে Period এ বিমান ছিল সিটিঃ কমিশনাৰদেৱ টাৰ্ম শ্ৰে হতে না হতে কোন একটা ঘটনাকে অবলম্বন কৰে আৰ একটা নিৰ্বাচন কৰান হলো যা কৰান উচিত নয় এবং যা পৰবৰ্তী কালে হাইকোর্টৰ রাখ থেকে প্ৰমাণিত হয়েছে। পৰবৰ্তী নিৰ্বাচনও বাতিল হৰে গেল। এইসব কাৰণেৰ জন্য আমৰা লক্ষ্য কৰে দেখোছ যে মন্ত্ৰীমণ্ডলগণ ঘটনা ঘটিবাৰ পৰে বৃত্তিমান হন। পূৰ্বাহ্নে সতক' হয়ে কেন তাৰা যাৰ্থু অবলম্বন কৰতে পাৰেন না? নৈতিক দিক থেকে তাৰা যে কোন ঘটনা গুটিখে যাবেন, আৰ তাৰ জন্য আদালত ও অস্ত্রান্য কোন স্বৰূপ সুবিধা থাকবে না। এটা যনে নিতে হবে; এটা হতে পাৰে না তাৰ জন্য আমি প্ৰতিবাদ জাৰাই এবং বিলটাকে সাহুল্যেন্দৰোৱে অস্ত অগুৰোধ জাৰাই।

Dr. Kanailal Bhattacharjee : মাননীয় স্পীকাৰ মহাশয়, আমৰা গত দুৱাৰ বৎসৰ থেকে দেখতে পাইছি—এই বেদল মিউনিসিপাল আইনটা বছৰে দুবাৰ, তিবাৰ সংশোধন কৰা হচ্ছে। এৰ স্বারা প্ৰমাণিত হচ্ছে যে গভৰ্ণমেন্টৰ Local Self-Government Department এৰ পক্ষে এটা একটা সুভিত্ৰে কৰা নয়। অৰ্থাৎ এই আইনটা ঠিক কিভাৱে চালু কৰা উচিত, কিভাৱে সংশোধন কৰা উচিত, সই সূচিকৰী এদেৱ নেই। অথবা এও বলা যেতে পাৰে তাৰেৰ যে reactionary প্ৰতিক্ৰিয়াল সূচিকৰী, সেই সূচিকৰীৰ জন্য আগকে বিভিন্ন কোটোৱে বশেৰ কৰে হাইকোর্টৰ রায় অনুযায়ী তাৰা তাৰেৰ এই প্ৰতিক্ৰিয়াল মনোকাবটাকে লে বলে-কোশলে বিভিন্ন ভাৱে এই আইনটাকে সংশোধন কৰে সেই মনোকাবকে বজাৰ রখেছেন। বলি দেখা যাৰ হাইকোর্টৰ যে সমস্ত রায় মিউনিসিপাল আইন সংকে বেৰিবেছে হিলে এটা পৰিকাৰ হৰে যাবে। বিভিন্ন মিউনিসিপালিটিৰ নিৰ্বাচন নাকচ কৰে দিবে তাৰা কাজ চালিয়ে যাচ্ছেন। এবং এৰজন্ত একমাত্ৰ স্বারী হচ্ছে আমাদেৱ সৱকাৰী নৌতি ব্ৰহ্মাৰকে আমৰা বহুবাৰ বলেছি যে বাংলাদেশে মিউনিসিপালিটিৰ নিৰ্বাচন প্ৰশংস্যসূচ ভাটাকৰে ভিত্তিতে কৰা হোক। তা যিৰি কৰা হয়, তাৰলে তাৰ স্বারী শুধু যে একটা গুণাত্মিক অধিকাৰকে প্ৰতিষ্ঠা কৰা হৰে, তা নহ, বেদল মিউনিসিপাল আইনেৰ মধ্যে এটাৰ লিষ্ট তৈৰী কৰাৰ ব্যাপারে যে সমস্ত ধাৰাঙ্গলি আছে, সেই সমস্ত ধাৰাঙ্গলিৰ মধ্যে

অনেক সুস্থ আছে। তথ্য ভূল ও ক্রটিপূর্ণ নয়, যদি কোন কমিশনার dishonest হন, যদি তিনি বলোর আর্দ্ধের দিকে যেতে চান, তাহলে তা তাঙ্গা সব কিছু করতে পারেন, এবং এর কলে মেধা গিরেছে যে বিভিন্ন রকম মামলা স্থিত হয়েছে। কমিশনারদের হাতে সম্পূর্ণরূপে ভোটারলিট ধাকার দরকার এবং এই আইনটা ক্রটিপূর্ণ হওয়ার অঙ্গ ভিত্তি, ভিত্তি মামলা স্থিত হয়েছে, অনেক নির্বাচন নাকচ হয়ে গিরেছে, এবং এর কলে আগ্রহ মেধাতে পাঞ্জি সরকারকে প্রতিবারই একটা ছুটা করে এই আইনকে সংশোধন করা হয়েছে। যেমন ও'ব্রা এই যে কমিশনারের আয়ুকাল, ষেটা বলা আছে তার বছরের পর শেষ হয়ে যাবে, এবং শেষ হলে, তারপর নতুন কমিশনারের কার্ডকলাপ স্থজ হবে। কিন্তু এখানে সেটা সংশোধন করতে হচ্ছে যেহেতু হাইকোর্ট নির্বাচন নাকচ করে দিয়েছেন। এই যে জিনিসগুলি করতে হচ্ছে এর মূল কারণ হচ্ছে—আলাকে যদি ভোটার লিষ্ট তৈরী করবার অধিকার এই কমিশনারের হাত থেকে কেড়ে নেওয়া হয়; অর্থাৎ আংশেখনীয় ভোটার লিষ্ট তৈরী করবার ব্যাপারে ইলেকশন কমিশনার যে ভাবে হচ্ছে, সেইভাবে যদি এখানকার ভোটার লিষ্ট তৈরী করার ক্ষমতা বর্জিন কমিশনারের হাত থেকে নিয়ে এই নির্বাচন কমিশনারের হাতে দেওয়া হয়; অর্থাৎ বিনি general election control করেন, তাহলে মেধা যাবে এই নির্বাচন করবার অঙ্গ যে সমস্ত গলন স্থিত হচ্ছে, সেগুলি আর হতে পারবে না, এবং তার কলে বেশী মামলা হাইকোর্টে যাবে না।

[6—6-10 p. m.]

আগনি যদি খতিয়ে দেখেন—তাহলে দেখবেন হাইকোর্টে বতগুলি মামলা হয়েছে তাতে প্রত্যেকটিতে Election এ ভোটার লিষ্ট এর বাপার আছে। সেগুলি এইই ক্রটিপূর্ণ যে এর কলে Justice Sinha ১৮টি caseও রায় দিয়েছে। আমি জানি বালী মিউনিসিপ্যালিটির ভোটার লিষ্ট defective, মেই বালী মিউনিসিপ্যালিটিরও Election আরও ১ বছর পিছিয়ে বেত এ বিষয়ে আপত্তি করলে, সেখানকার ভোটার List এতই ক্রটিপূর্ণ। কিন্তু যেহেতু একটা Election হওয়া দরকার সেজন্ত আব্যাস চাইনি—সেটা করতে। কিন্তু তার মানে এই নয় যে সেখানকার Voter List-এ কোনরকম ছুটি ছিল না। আমি মনে করি যদৌ মহাশূরের বাববার এরকম সংশোধনী না করে বীতির পরিবর্তন করা দরকার এবং প্রাপ্ত বহু ভোটাবিকারের ভিত্তিতে মিউনিসিপ্যালিটির যাতে Election হয় সেই ব্যবস্থা করুন, তাহলে আইনটা তাল হয় এবং সর্বে সর্বে সাধারণ মাহসূও গৃহত্বার্থ অধিকার পায়।

Demonstration of Jute Mill workers

Shri Bankim Mukherjee : মানবীয় স্পীকার মহোদয়, পাট ব্যবসায়ী এবং পাট শিলের অধিকদের একটা বড় ডিমোনস্ট্রেশন এখানে এসেছে। আপনারা সকলেই জানেন, পাটের দুর অক্ষয় নেমে যাচ্ছে পাট বেশী এবার হয়েছে বলে। এটা প্রাচীর দেখা যায় পাট বেশী হলে সে বছর পাটের দাম নেমে যায় কলে তার পরের বছর পাটচাইরীয়া কৃষ চাষ করে এবং তখন আবার দাম বেড়ে যায়। কলে সংকট দেখা যেয়। এবছর এ সংকট সাংবাদিকভাবে দেখা দিয়েছে, অনেক লোক বলে আছে এখনও বজবজে তিনটি মিল, সেখানে ৫০ হাজার লোক কাজ করে, ৬ সপ্তাহ ধরে বছ আছে, Look out চলছে। এসব ব্যাপারে একটা বড় Demonstration এসেছে পারকলিপি নিয়ে, একটা আগনীয় আছে, একটা অধানমন্ত্রীর কাছে—এবং অমন্ত্রীর কাছে ষেটা আগনীয় কাছে দিচ্ছি। অধানমন্ত্রী যদি একটু সময় করে একটি ডেপুটেশনে দারা এসেছে তামের দেখা করতে হেন তাহলে তাল হয়, তাহলে এ সবক্ষে তারা আনতে পারে। অবস্থা কাল এ সম্পর্কে একটা প্রতিবাদ আছে, সেই আলোচনাতে বিবরটা বুঝতে ধানিকটা সহজ হবে কিন্তু যারা হাইরের লোক, তারা চাইছে অধান মন্ত্রীর সর্বে দেখা করতে।

The Bengal Municipal (Second Amendment) Bill, 1961.

Shri Dharendra Nath Dhar : মানবীয় স্পীকার মহাশয়, আপাততুর্দিতে এই amendments আগম্ভি করার কোন কারণ দেখছি না, কিন্তু যে পরিস্থিতির মধ্যে ভাটপাড়া Municipality এবং অসম মিউনিসিপ্যালিটিতে নানা ধরণের অস্থিবিধি হচ্ছে এবং সার কলে দৈনন্দিন কাজকর্ম চালাতে হচ্ছে তা হতে এই আইন পাশ হলে আইনত ব্যবহা করে নিতে পারেন। কিন্তু একটা বিষয়—ব্যতো হবে যে এই আইন করলে যে সমস্ত মিউনিসিপ্যালিটি করিশ্বাস ছিল বা আছে তাদের কার্যকলাপ regularise করতে হবে। তাদের যে কাজ তা কর্তব্য কর্তব্য কর্তব্য কর্তব্য নয় তার report নাই। ভাটপাড়া Municipalityও এই আইনে পড়বে। আইনে অস্থিবিধি হবে একজ কোথাও কি করেছে না করেছে কিছুই জানিন। এই অবস্থার আইন পাশ হলে—আমি মনে করি শুধু অসম হবে তাই আমি বলি তাড়াতাড়ি করে পাশ না করে এটাকে অনমত সংগ্রহের জন্য পাঠান হোক। সমস্ত জিনিষগুলি বিবেচনা না করে যদি আমরা তাড়াতাড়ি করে এটা পাশ করি তাহলে পর যতধানি লোকসাম এ থাবৎ হয়েছে, আমার আশক্ষা, তার চেয়েও অনেক বেশী লোকসাম আমাদের হবে।

এইস্ত মনে করি তাড়াতাড়ি এই আইন পাশ করার চেষ্টা না করে এটি circulation এ দেওয়া হোক। এবং এর মধ্যে আর যে section আছে সেটা বিতে পারেন। কিন্তু আমাদের আগম্ভি হচ্ছে—এই Bengal Municipal Act, 1932, এটা বহুবিনের পুরাণো Act, এর মধ্যে বহু দোষ জৰি আছে সেটা বারবার আলোচনা করা হয়েছে এবং বিভিন্ন Municipality, তারা সে ধরণের অস্থিবিধি ভোগ করছে সেগুলি আপনারা জানেন, কিন্তু তা সবেও তার কোন পরিবর্তন হয়নি। এই পরিবর্তন না হবার কলে এই ধরণের যে-মাইনো অনেক কাজ হয়ে যাচ্ছে। আমাদের কথা হচ্ছে, এই পুরো Actকে একটা comprehension Actও ঢেলে সাজান উচিত। যাতে এর ধারা উপরূপভাবে আধুনিক যুগ কাজ করতে পারেন সেইভাবে পুরো Actকে আনা হোক। এবং এই বর্তমান Actকে circulation এ দেওয়া হোক।

Shri Jyoti Basu : স্পীকার মহোদয়, আমরা তেবেছিলাম এটা আজকে আসবে না, programmesও ছিল না। কিন্তু আজকে আসার অস্থিবিধি হল, যাদের এসবকে অনেক অভিজ্ঞতা আছে তারা অনেকেই ঢেলে গিয়েছেন। যাইহোক আমি এই সবকে কিছু বলতে চাই। এখানে অস্থিবিধি হচ্ছে, শ্রীজ্ঞানের সঙ্গে আমাদের এই বিষয় নিয়ে, যে সব মামলা ইত্যাদি হয়েছে, সেই সব municipality কে নিয়ে অনেকবার কথা হয়েছে। এবং যত্নোবৈ কথা হয়েছে তিনি এই কথা ঢেলেছেন, এই Municipal Act টা বহুবিনের পুরাণো, এই আইনকে যদি পরিবর্তন না করা যায়, এর মধ্যে অনেক section আছে তা যদি বলান না যাব তাহলে এই ইকুই গোলমাল আসতে পারে এবং বহু মিউনিসিপ্যালিটিতে এইরকম হয়েছে যে ১৫ ১৬ সর ধরে ইলেক্সন হয়নি বা ইলেক্সন ধখনই হবার উল্লেখ হয়েছে তখন সে list publish হয়েছে তা কেউ নিয়ে গিয়ে High Court এ মামলা করে বক করে দিয়েছে। এইভাবে বিনিয়োগ চলছে। এখানে আমি ব্যতো পারছি না, শ্রীজ্ঞান এখানে নেই, তিনি গিয়েছেন Parliamentary Conference এ, এবং এখানে তাড়াতাড়ি করে যা হচ্ছে তা যে High Court একটা স্বার্থ দিয়েছে যার জন্য নানা অস্থিবিধি হচ্ছে সেইজন্য একটা কিছু করে নিতে হচ্ছে। এছাড়া অন্ত আর কোন বিষয় তৈরি। অন্ত বিষয় কি কিছু তৈরী করছেন? না এটাই কি ঠিক করেছেন যে নির্বাচন এসে গেল, আর দুরকার নেই, যাহোক একটা কিছু করে দেওয়া যাক, High Court ধখন যাব দিয়েছে তখন ত আর উপায় নেই। আমার মনে হয়, এখানে যে Statement of Objects and Reasons দেওয়া হয়েছে, সেটা যদি আমরা দেখি তাহলে ভাটপাড়া Municipality মিউনিসিপ্যালিটির ব্যাপার নিয়ে এটা করা হচ্ছে। তা না হলে কেন এটা হল? ভাটপাড়া Municipality মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়ে গেল তার উপর High

Court একটা বাবে দিল যারপ্রতি difficulty arise করছে অথবা এটা করা হচ্ছে। কিন্তু যে কারণগুলির অস্ত এই সামলা হচ্ছে সেই কারণ গুলির দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে না। এর effect কি হচ্ছে। ধরণ এই আইনসভার ব্যাপারে বখন নির্বাচন হল তখন কোন শোক ইয়ত মাস্তা করে injunction জারী করে তা বক্তুরে দিল। তাহলেও একই শোক চিহ্নকাল সরকার চালিয়ে যাবে; আর নির্বাচন হবে না। সেইজন্ত আমার মনে হয় এই সব ভেদেই সরকার Peoples Representation Act করছে যাতে এই বক্তুর ধরণের গোলমাল না হয়। কিন্তু আমাদের এখানে এর কোন বিচার হল না। এই শুলি স্থানে সরকার কি করবেন। সরকারের Legal Remembrancer বা Advocate General আছে তারা এই গোলমালের অস্ত কি চিন্তা করছেন? Municipality র পর Municipalityতে আমরা দেখছি এইভাবে defective voters' list র জন্য গোলমাল দেখা দিচ্ছে। সেইজন্ত সেখানে আমাদের কথা হচ্ছে, আপ্ত বয়সধূমের ভোটাধিকারের কথা ছেড়ে দিন। আপনারা রাজী হলে, অবশ্য জ্ঞানালন বলেছিলেন এখানে Party Politics হবেই আপনাদের হাতে municipality খাকলে আপনারা এইরকম করবেন আমাদের হাতে খাকলেও এই হবে, আপনাদের যে Election Department আছে Assembly-র অস্ত, তাদের হাতে এটা দিয়ে দিন।

[6-10—6-20 p. m.]

আপনারা সরকার থেকে যে জিনিষ করেন তাতে অনেক defect থেকে যায়। Assembly election এ বহু শোক বাদ পড়ে গিয়েছে কিন্তু তাহলে সেখানে একটা নিরম অঙ্গুহাসী কাজ করছেন। Joint family র ভোট ইত্যাদি নিয়ে নানারকম interpretation আইনের আছে অথচ এগুলির আজ পর্যন্ত কোন সংশোধন হল না। আপি এখানে ছিলাম না, স্মরণ মন্তব্যহীন কি বলেছেন জানি না। তাই point গুলিতে সরকারের কি বক্তব্য তা যদি আনতাম এই নিয়ে তাহলে সময় নষ্ট করবার দরকার হত না। এই যদি হ'ত যে যা করছেন তা কে obviate the difficulty ততে আগতি ছিল না, তা নাহলে সরকারকে কি করে ক্ষমতা দেওয়া যাবে কোন municipality-তে কমিশনার্স রা খাকবেন কি খাকবেন না, কোথার continue করতে দেবেন, কোথায় nominate করবেন এই চিন্তা নিয়ে যাকেন তাহলে না বলে উপায় কি? সব ক্ষমতা কেড়ে নিয়ে যা তা হচ্ছে, কিন্তু সেটা যদি সাময়িকভাবে নেওয়া হত তাহলে কিছু বলতাম না। আপনাদের মতলবটা কি পরিকার জানতে চাই। আপনারা বলছেন ৬ মাস আগে গেজেট বের করে দিয়েছি আপনারা বিচার করে দেখুন, না হয় মির্জাতনের পরে আমরা এটা আলোচনা করব। কিন্তু এর উপর কোন proposal আমরা রাখছি না। এখানে পাড়িয়ে মন্তব্যহীন যে কথা বলেন কার্যাক্ষেত্রে দেখি উচ্চে জিনিষ করছেন। আপনারা চান সরকারের হাতে কিছু ক্ষমতা নেব তাতে আগতি করবনো, তাছাড়া যত অঙ্গুহ অধিবার হচ্ছে সব আইনসভাত করে দাও॥ এটা ঠিক নয়। যে সব point নিষ্ঠিত হ'লো তার স্থানে কি করা যায়। Voters list adult franchise ইত্যাদি ব্যাপার নিয়ে কি করবেন তা বিছু বললেন না। সরকার একটা বিপদে পড়েছেন বলে এটা এসেছে আমরা তো একে সমর্থন করতে পারি না। অঙ্গুহভাবে এটা আপনারা করছেন। জালান সাহেব আমাদের বলেছিলেন যে Bengal Municipal Act বন্দোনোর ব্যাবস্থা করেছি, কিন্তু এই কি বলান? সেই প্রতিক্রিতি আপনারা ভুল করেছেন। সেক্ষেত্রে এর প্রতিবাদ না করে আমরা পারছি না।

Shri Sowrindra Mohan Misra : মানবীয় স্বীকার মহোদয়, জ্যোতিবাচু যা বললেন যে তার সংগে জালান সাহেবেই এই আইনটি পুরাপরি বন্দোনোর কথা হয়েছিল সে স্থানে আমি এই মাঝ ব্যব নিয়ে জালান যে তিনি একটা comprehensive Bill তৈরী করবার অস্ত আদেশ দিয়ে গেছেন এবং কিন্তু এসে সেটা নিয়ে আলোচনা করবেন। সে

সহর জ্যোতিবাবুর মৎসে যে আলোচনা হয়েছিল এর পর তা নিয়ে আরও বিভাগিত আলোচনা হবে। এরচেমে বেপী ধর্ম আমি এখন কিছু দিয়ে পারছি না। তিনি বলেছেন ততু ভট্টাচার্য মিউনিসিপ্যালিটি নিয়ে সে কেস হয়েছিল তার remedy-র অঙ্গ amendment না এনে সম্পূর্ণ চেলে সেজে আইন আনা উচিত ছিল। High court case এর ব্যাপার ছাড়াও আমি এই বিলের মধ্যে আরও ১টা জিনিয় সরিবিষ্ট করেছি এবং সেগুলি পৌরসভার স্ববিধার অঙ্গ। এই বিলের একটি জাইগার restrain সংক্রান্ত suit করবার অধিকারের কথা আছে। প্রথমে যে অধিকার ছিল তার ফলে পৌরসভার আর কয়ে বেত। এখানে কোন ব্যক্তিশৈক্ষক স্ববিধা দেওয়া হচ্ছেন। পৌরসভার আর বাতে নষ্ট না হব তার ব্যবহা হচ্ছে।

আমার কথা হচ্ছে, পৌরপ্রতিষ্ঠানের যদি মঙ্গল চান তাহলে কি এটার স্ববিধা হবে? প্রাচোক Municipal Committee suit করতে যাবে এই যাতে না হয় তার অঙ্গই এটা কানা হয়েছে। স্ববিধার বলেন মিউনিসিপ্যাল কমিশনারুর যে কাজ করেছেন অঙ্গার কাজ করেছে। এই অঙ্গার কাজগুলি বৈধকরণের অঙ্গই নাকি এই বিল আনা হয়েছে। আমরা legal advice নিয়েছি, যাতে বুকেছিলাম এই এ্যাক্টের 56,2 অনুষ্ঠানী তারা continue করতে পারবেন। কিন্তু High Court পরে বলে দিলেন, না তারা continue করতে পারবেন না। High Court থেকে যে গার দিয়েছেন তার স্থান বকার অঙ্গই এই বিল আনা হয়েছে। আমার কথা হচ্ছে, পৌরপ্রতিষ্ঠানগুলি যদি কোন অংগলজনক কাজ করে থাকে, যেখন ধর্ম, কর্মসূলীয়ের মাইনে দিয়েছে, তার অঙ্গ contractorদের টাকা যেন দেওয়া যেতে পারে এর অঙ্গ এই বিল। ভট্টাচার্য মিউনিসিপ্যালিটি কি অঙ্গার কাজ করেছেন আমি জানিনা। তারা যদি কোন আহনবিহোৰী কাজ করে ধাকেন তাহলে যে কেট court এ গিয়ে challenge করতে পারেন। এখানে তা হয়নি। সে কথা এখানে থাকে না। মিউনিসিপ্যাল কমিশনার ধাকার সময় তারা যে সমস্ত কাজ করেছিলেন সেগুলি বৈধ করার অঙ্গই এই বিল আনা হয়েছে। আমি মনে করি এটা আনা কোন অঙ্গার হয়নি।

এইমাত্র ধর্ম পেলাম মেই বিল তৈরী হচ্ছে। জালানসাহেব ক্ষিরে এলেই হবে। জ্যোতিবাবু একটি কথা বলেছেন election set aside এর ব্যাপারে এই বিষয়ে আমি তাকে জনাতে পারি, যে কারণে নির্বাচন বাতিল হয়েছিল সেগুলি সব খিদেনা না করলে comprehensive Bill আনা যাবে না।

আমি সংশোধনী প্রস্তাবের বিবোধীতা করছি।

The motion that the Bengal Municipal (Second Amendment) Bill, 1961, be circulated for the purpose of eliciting public opinion thereon, was then put and lost.

The motion of Shri Sowrindra Mohan Misra that the Bengal Municipal (Second Amendment) Bill, 1961, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

[6-20—6-30 p. m.]

Clause 2

Shri Basanta Kumar Panda : I have got four amendments. I am moving them one by one.

Sir, I also beg to move that in clause 2 (1), in the proposed section 24A (a), line 1, for the word "reason" the words "order of Court" be substituted.

Sir, I also beg to move that in clause 2 (1), in the proposed section 24A in line 8, after the words "fix a date" the words "as early as possible" be inserted.

Sir, I also beg to move that in clause 2 (1), in the proposed section 24A lines 9 and 10, the words "or a fresh general election" be omitted.

Sir, I further beg to move that in clause 2 (2), in the proposed section 24B (1), in line 2, after the words "general election" the words "or a bye-election" be inserted.

With regard to amendment No. 10 I shall speak first. In the proposed section 24A (a) it is written—If, for any reason, the general election of the Commissioners of a municipality cannot be held. Now, for any reason if this power is taken, it becomes an indefinite power. Therefore, Government may at any stage give out any reason and by taking recourse to that reason, the Government may proceed under this section.

There are two reasons with regard to the running of the municipality and the work of certain Commissioners. The scope of the Bill should be limited only to these two reasons. But if under the garb of these two reasons, the Government comes and ask for power, then I would say that Government is asking for more power than what has been pointed out by the High Court. I say that there is very little scope for the failure of the running of the machinery, i. e. the working of the Commissioners. At present it is seen that due to certain order of High Court, some functions have been invalidated. Let this power come within the limited scope, i. e. by accepting the amendment. What is the criterion for which you are taking power? If there are any reasons, I would humbly ask the Hon'ble Minister to give those reasons which are under his contemplation or under his apprehension. If he apprehends some reason apart from the injunction of the court, then let us have the idea that lies in his mind. We would also like to have the reasons which he is now contemplating. If he cannot give us any other reasons I would ask him to accept this amendment.

Then I come to amendment No. 12. I would say that the State Government shall fix a date for holding election. The State Government may make delay. So, if you accept this amendment, the State Government shall fix date as early as possible. If this expression is introduced there, then at least there will be a little check, or at least a moral check on the actions of the Government that they shall not make an unnecessary delay for any purpose. Though as early as possible is also a somewhat equally vague term, still I would say that there is no legal check. It will have the effect of a moral check.

Now I come to amendment No. 13 which is, I think very important. Some unnecessary words are introduced here. Here it is stated—the State Government shall fix a date for holding a general election or a fresh geneal election, as the case may be. What is the necessity of keeping the unnecessary words. This is a permanent feature which is being introduced into the body of the act. Under the present rules which have been framed, elections will be held.

The honourable member Mr. Banerjee points out to me that it is election under the new voters' list. Now, as soon as the new voters' list is framed all other previous lists are supplanted and as soon as

the new rules are brought into effect, there is no previous rule. But if this feature is kept in the body of the Act, there is no difference between a general election and a fresh general election because both are synonymous. Of course, in the body of the Act there is no definition of the words "general election" or "a fresh general election." But we know from common connotation what is meant thereby. In the People's Representation Act there is a definition of "general election" but here there is no definition in the body of the Act. If they say that their idea is that there shall be a new election, then that makes the position clear. I consulted several authoritative dictionaries to find out if the word "new" is brought in by the word "fresh". "Fresh" something as opposed to stale and you would see that the word "fresh" is used not with regard to an election but with regard to certain commodities as opposed to stale. I have found out from several dictionaries the synonyms of the word 'fresh' which means or implies brisk, strong, pure, recent, just arrived, not stale, florid, ruddy, healthily, unfaded, unimpaired, invigorated, raw. These are the words which are synonymous with the word "fresh". If you put any other word or prefix any such word before the words "general election", will it convey any idea? We are here discussing the Bill in English language and so we shall be guided by the dictionary meaning of the English words. Now, I know that it is in the mind of the Hon'ble Minister that by the word "fresh" he implies something which is new but 'new' is not a synonymous word for 'fresh'; it is opposed to 'stale'. So I would say that if you only say this that the State Government shall fix a date for holding a general election, as the case may be that would serve your purpose. There is no difference between a general election and a fresh general election - both are synonymous. Therefore, why in the body of the Act you introduce words only to bring in unnecessary complications. These are my four amendments.

Shri Pabitra Mohan Roy : Sir, I beg to move that in clause 2(2), in the proposed section 24A (o), line 3 after the words "continuing in office" the words "which will not be more than 180 days after expiry of the term" be inserted.

আর, where the commissioner have continued in office after the expiry of the term বলে যে এ, বি, সি, করে যে ওটা দেখান হয়েছে তাৰ ওটা রিঅন হচ্ছে general election not having taken place within the time refforded.

আৱ general election having having been set aside by the court. আৱ একটা হচ্ছে জেনারেল ইলেকসন হয়েগৈছে। কিন্তু assuming of office কোন বৃক্ষ একটা কোট অৰ্ডাৰ বা অঙ্গ কোন রকমে হতে পাৰে না। অৰ্থাৎ এই তিনটা কাৰণ বলি এটো তালে এখানে বিলে দেওৱা হচ্ছে যে The commissioners so continuing shall be deemed to be and to have been validly continuing in office and continue indefinitely. এখানে ইনডেক্সিনিটিলি কথাটাৰ উপৰ আমি বলছি। তবু মিটনিপিলাসিটি নৰ, লোকাল সেলক গভৰ্ণমেট ডিপার্টমেন্টৰ কূলেৰ অজ যা হচ্ছে তাতে একগাৰ সংশোধন কৰতে গিয়ে আপনাৱা কান্ত হননি ভবিষ্যতেৰ দিক ধৰেক বাবা ইলেকটেড কমিশনাৰ হয়নি তাকেও সেখানে ইনডেক্সিনিট পিৰিয়ডেৰ অজ রেলেদেৰীৰ প্ৰতিশান এখানে কৰা হয়েছে। সেজন্ত আৰি আমাৰ এমেওয়েট-এৱ সহে সাক্ষুলেশ্বাৰেৰ সহিতে বলি যে একটা টাইম লিমিটেৰ দৱকাৰ আছে—অৰ্থাৎ ১৮০ দেৱ। অৰ্থাৎ এই পিৰিয়ডেৰ পৰ ধৰেক after the expiry which will not be more than 180 days. তাৰ মানে ৬ মাস একটা টাইম লিমিট দিয়ে দেওৱা হোক।

[6.30 - 6.40 p. m.]

Shri Subodh Banerjee : I beg to move that in clause 2(1), in the proposed section 24A (b), lines in 1 & 2, the words "otherwise than under the provisions of this Act" be omitted.

I also beg to move that in clause 2(2), in the proposed section 24B (1), at the end the words "unless such thing done or such action taken is expressly declared invalid by a court" be inserted.

I also beg to move that in clause 2(2), in the proposed section 24B, sub section (2) and (3), be omitted.

মাননীয় স্পীকার মহাশয়, আমার যে ৩টি সংশোধনী প্রস্তাব আছে আমি তাৰ প্রতি মাননীয় স্বত্ত্ব মহাশয়ের দৃষ্টি আকৰ্ষণ কৰছি। আপনি আমাৰ সংশোধনী প্রস্তাব দেখুন এবং এৰ অৰ্থ কি দীড়ায় মেটা একটু চিঞ্চা কৰতে বলি। এখানে বলছো—

"If for any reason, the general election of the Commissioners of a municipality cannot be held within the period referred to in section 24, or". এবং যি, তে বলছেন "if a general election is set aside by a Court otherwise than under the provisions of this Act," এতে কি ধিন কৰছেন? B-ৰ মেটা প্ৰি-কগুলন বিছেন what is meant by it? মাননীয় স্পীকার মহাশয়, আপনি আইনজ লোক কাজেই আপনাৰ কাজে এই Law point আমি বাধছি। এখানে বলা হয়েছে If a general election is set aside by a court otherwise than under the provisions of this Act. কিন্তু আমি আইনেৰ কথা বলছি যে ২টি কাৰ্যদাৰ একটা ইলেকশনকে মেট গ্রান্টাই কৰা যেতে পাৰে এবং তাৰ মধ্যে একটা হচ্ছে স্পেসিফিক রিলিফ। আমি স্পেসিফিক রিলিফে যেতে পাৰি অৰ্থাৎ বেলু মিউনিসিপাল আঞ্চেল কোন ধাৰা দিয়ে আমি কোটেৰ কাছ থেকে অঙ্গীৰ নিয়ে অতি বেনারেল ইলেকশন নালিকাই কৰতে পাৰি। আবাৰ টিক স্পেসিফিক রিলিফে ন গিয়ে হাইকোর্ট ২২৬ কৰে ত্ৰি গ্রান্টাইল নালিকাই কৰতে পাৰি। তাহলে মেখা যাচ্ছে যে, ৰোখ কেসে-ই under the provisions of the Act ইলেকশন নালিকাই হচ্ছে—অৰ্থাৎ স্পেসিফিক রিলিফে গেলেও under the provisions of the Act এবং ২২৬ গেলেও under the provisions of the Act ইলেকশন নালিকাই হচ্ছে। কিন্তু কোন ক্ষেত্ৰেই otherwise than under the provisions of this Act হচ্ছেন। তাহলে এক্ষেত্ৰে যা মেখা হয়েছে মেটা কোন আংগটা কভাৰ কৰেছে মেটা আংগকে দুৰ্বিয়ে দিন। তাৰা স্টেটমেন্ট অৰ্থ অবদেক্টস্ অ্যাণ্ড রিজনস্ যা বলেছেন তাতে আমি বুঝেছি যে ২২৬ এৰ সমে আমিন্টসন এৰ একটা ডিফাৰেন্স বাধছেন। আমি স্পেসিফিক রিলিফেৰ অন্ত মিউনিসিপাল আঞ্চেল ইলেকশন নালিকাই কৰতে পাৰি and that will be done through the court. তাহলে মেটা কট্টাঙ্গতৰী হবেন কি? আপনি বলছেন If a general election is set aside by a Court otherwise than under the provisions of this Act. কিন্তু এই মিউনিসিপাল আঞ্চেলৰ মাৰধাৰণ দিয়ে আমি কোটেৰ কাছে যাচ্ছি এবং কোটে নালিকাই কৰবে ইলেকশন ভাবলে একখা কেন বাধছেন! তাৰ sofar my understanding of the law আমি বলতে পাৰি যে, কোন আংগটাতেই কোন কোট আঞ্চেলৰ অভিসনেৱ বাইবে কিছু কৰে না। কাজেই একখা কেন এখানে মেলগন কৰছেন! স্বতৰাং আমাৰ আৰম্ভে হচ্ছে যে, "otherwise than under the provisions of this Act এই কথাটা বাতিল হৈবে, স্বী—If a general election is set aside by a court এই কথাটা ধৰক। এই হোল আমাৰ ১ন' অ্যাবেন্যুটে।

ভাৰতৰ আধাৰ ২নঁ সংশোধনী প্ৰজাৰ দেখুন যে কি এক সৰ্বনামা বিনিয় আপনাৰা কৰছেন। অৰ্থাৎ প্ৰোগ্ৰাম মেকসন ২৪ই, সাৰ মেকসন(১) দেখুন কি বলছে—Where the Commissioners elected at a general election are restrained from functioning or the election as a whole is set aside, by order of a Court, anything done or any action taken by the said Commissioners before they are so restrained or before the election is so set aside, as the case may be, shall be deemed to have been validly done or taken'...

এবাৰে আমি একটো খাফেৰ কথা বলি। ধৰন, এই যে কমিশনাৰৱা elected at a general election restrained হলেন কোটেৰ বাবা, তাঁৰা যে ভোটাৰ লিষ্ট তৈৰী কৰেছিলেন সেই ভোটাৰ লিষ্ট তৈৰী কৰাটা ইনভালিড, এই কথাটা কোট বললৈ। আপনাৰা এখানে আইন কৰে দিচ্ছেন ভোটাৰ লিষ্ট ভালিড, যেনে গেল। কৰণ anything done by these commissioners shall be deemed to be and to have been validly done before they are so restrained. অৰ্থাৎ নিজেৰ দলৰ স্বিধামত অধৰ নিজেৰ স্বিধামত ভোটাৰ লিষ্ট তৈৰী কৰে তাৰ fড়তিতে যিনি returned হয়ে এলেন তাঁৰ against এ High Court এ injunction কৰাৰ High Court election nullify কৰে দিলেন, আপনাৰা সেই বাবে ভোটাৰ লিষ্টকে বললেন valid, কৰণ anything done before they are so restrained আইনে বলছেন that becomes valid. হাইকোর্ট specifically যখন বলছে this is invalid, আপনাৰা বলছেন no this is valid. এআধাৰ কি কথা! স্বতৰাং অমি বলতে চাই unless such thing done or such action taken is expressly declared invalid by a Court এই কথা শুলি যোগ কৰে দেওয়া হোক। কোট যদি বলে এশুলি invalid তাহলে মেঙ্গলি valid হবে না, তা ছাড়া যদি কিছু বলে তাহলে valid হয়ে যাবে। ভোটাৰ লিষ্ট তৈৰী কৰাৰ বাপাৰে কোট যদি expressly বলে যে এটা invalid তাহলে সেটাকে valid কৰতে যাবেন না। আপনাৰা বলবেন মাইনে দিচ্ছেন, টিউইওয়েল কৰছেন ওশুলো তো invalid হয়ে যাবে। চাইকোট' এসব কিছু কৰে না—ইনভালিড কৰাটা ভোটাৰ লিষ্ট তৈৰী কৰাৰ বাপাৰে উচ্চ। স্বতৰাং action done ভোটাৰ লিষ্ট তৈৰী হৰাৰ পৰ সেটা valid হয়ে গল যে ভোটাৰ লিষ্টেৰ উপৰ আধাৰ কেনাৰেল ইলেক্সান হবে এতো সৰ্বনামৰ ব্যাপাৰ, তাহলে প্ৰোটেক্সান যইল কোথাৰ? স্বতৰাং এইৱৰকম বিনিয় ধাঁকি উচিত নহ বলে আমি ঘনে কৰি।

তাৰপৰ বিতীয় নথৰ সংশোধনী প্ৰস্তাৱ হচ্ছে “Where the Commissioners have continued in office after the expiry of the term referred to in section 24 on account of -

- (a) a general election not having taken place within the time referred to in that section, or
- (b) a general election having been set aside before the assumption of office by the newly elected Commissioners, or
- (c) the Commissioners elected at a general election not having been able to assume office for any reason, then notwithstanding anything contained in this Act or in any judgment, decree or order of any Court,-

- (i) the Commissioners so continuing shall be deemed to be and to have been validly continuing in office, and
- (ii) anything done or any action taken by such Commissioners shall be deemed to be and to have been validly done or taken.

আবাৰ anything done or any action taken shall be deemed to be and to

have been validly done or taken. কোটি যদি বলে দেয় যে এগুলি হওয়া উচিত নয়, এগুলি বে-আইনী, আপনারা Act-এ বলে দিলেন সব valid হয়ে গেল। আমি জিজ্ঞাসা করি, specific reply দেবেন কথিশনারিয়া নির্বেদের খেতার অস্ত সমত ভোটার লিষ্ট কেটে কুটে নির্বেদের মত একটা ভোটার লিষ্ট তৈরী করলেন, তার বিকল দলের ভোটভলিকে এমনভাবে করলেন যে তারা ভোট দিতে পারে না।

সেই ভোটারস্থ লিষ্টে নির্বাচিত হলে পর বিকলদল হাইকোর্টে গিয়ে তা জালিকাই করে দিলেন। ভোটার লিষ্ট যদি ভ্যালিড না হয়, তাহলে সে ইলেক্সন ভ্যানিড হতে পারে না। ভোটার লিষ্টের ডিজিটেই আগামী জেনারেল ইলেক্সন হবে। এটা হওয়া উচিত নয়। এগুলি ভাল করে দেখুন স'ডিপার্টমেন্টের সবে কমসালট করুন। শংকর তো পাশেই বসে আছেন, তাকেও জিজ্ঞাসা করুন—যাতে কোটে গিয়ে ইন্ড্যালিড জিনিয় ভ্যালিড হয়ে না যাব।

Shri Ramanuj Halder : Sir, I beg to move that in clause 2, in proposed section 24-A, in line 8, after the words "fix a date" the words "as soon as within four months be inserted.

স্বার, এখানে যে amendment দিতে চেরেছি, সেটা হচ্ছে স্বৰোধবাবু যেটা দেখাদেন (a) ও (b) তে যে ব্যাপ্তি রাখা হয়েছে তাৰপৰ The State Govt. shall fix a date for holding a general election or a fresh general election, as the case may be.

কিন্তু দেখানে কতদিন পরে State Govt dateয়ে fix করবেন—এৱকম কোন কিছু সমা নাই। যদি কোন কাৰণ বশত: নির্বাচনকে বাতিল কৰা হয় এবং general election যদি আনতে হয়, গৰ্ত্তমেন্ট যে আংশ দেখেন, গৰ্ত্তমেন্ট যেদিন হিয় কৰবেন, কতদিন পরে তা কৰবেন, তাৰ কোন নির্ধাৰিত সময় নাই; যে কোন সময়ৰে অস্ত অপেক্ষা কৰে থাকবেন, গৰ্ত্তমেন্ট বধন ধিচেনা কৰবেন। এটা দু'বছৰও দেৱী কৰা যাবে General election এৱজন্ত অৰ্থাৎ fresh election এৱজন্ত ততদিন কি দেৱী কৰতে পাৰবেন? স্বতৰাং এখানে একটা সময় নির্ধাৰিত কৰে দেওয়া দৰকাৰ; যাতে আপনি অসুগ্ৰহ কৰে দেখুন যে আমি মনে কৰি একটা সময় নির্ধাৰিত কৰে দেওয়া উচিত যে এই সময়ৰ মধ্যে উপৰি উক্ত কাৰণে যদি ভোট বাতিল হৰে থায়, তাহলে তাৰ সময় নির্ধাৰিত কৰে fresh নির্বাচন হোক—জেনারেল ইলেক্সন হোক,—অস্তত: চাৰি মাসের মধ্যে তাৰ দিন নির্ধাৰিত কৰতে হবে, এই সমষ্টি আমি চাঙ্গি।

[6-40—6.50 p. m.]

Shri Sankardas Bandyopadhyay : Mr. Speaker, Sir, I had a talk with Shri Subodh Banerjee. He is taking exception to the words "if a general election is set aside by a Court otherwise than under the provisions of this Act." He feels that way should the words "otherwise than under the provisions of this Act" be there. Now, Sir, it is quite clear that there are two reasons for which a general election can be set aside. Reason No. 1 is that if you do not follow the Act, if you go against the Act, then the general election can be set aside if appropriate proceedings are taken under Article 226 in a court of law. Secondly, an election can be set aside where, for instance, supposing there is some provision in the Act itself which is ultra vires, then the court has an overriding power; the court can examine the matter and set aside the general election. It is a matter practically of routine which is happening every day. The function of the court proceeding in the Constitution Court as we call it and dealing with 226 matters is like this it exercises the right of certiorari and in exercise of that power it sets aside the election. Therefore, I do not feel that there is no any thing wrong in the draft which has been made. Shri Subodh Banerjee was told that all these are done under article 26. Whoever told him so gave him a correct impression. I do not know what the second point is.

Shri Sowrindra Mohan Misra : শি: শ্রীকার আর, সমস্ত পাঠা মহাপর, তাঁর ১০নং অ্যামেনেমেটে 'বিসিন' কথাটাই আপত্তি কৃলেছেন, উনি তা order of the Board থেকে বলেছেন। কিন্তু election roll বাতিল হতে পারে আরও অনেক কারণে। যদ্বন election বাতিল হল অতি কোন কারণে। সেইজন্ত some other reason রেখেছি। অতএব এর সংশোধনী প্রস্তাৱ এইখন কৰা সম্ভবপৰ নহ। তাৰপৰ date fix কৰা সকলে as early as possible বলা হয়েছে। কিন্তু date যে fix হবে সেটা Act এৰ বাবা হবে না, সেটা rules এৰ বাবা guided হবে। অতএব আমি কেন জোৱ কৰে এই কথাটা আনব। তাৰপৰ fresh general election' সকলে উল্লেখ কৰা হয়েছে। আমি সেখানে 'fresh' কথাটা ছী কৰে রেখেছি। কাঁৰণ, হয়ত voters list হলনা, electoral roll হলনা, এইজন্ত general election ও হল না। আৰ 'fresh' কথাটা এইজন্ত দিয়েছি, যে general election যে সিয়েছে, voters list অংশতে, তাৰপৰ কোট' খেকে সেটা set aside কৰা হল। সইজন্ত 'fresh' কথাটা general election এৰ সকলে রাখা হয়েছে। তাৰপৰ by election খাটা এখন রাখাৰ প্ৰয়োজন বৈধেছি না বলে, এটা নেওয়া হয়েছে।

তাৰপৰ পৰিব্রহ্ম বাবু একটা দিন হিৰ কৰে বলেছেন ১৪০ দিন। কিন্তু election কৰে বৈ, বা না হবে, সেটা guide কৰবে rules, এটা Act এৰ মধ্যে রাখাৰ কোন প্ৰয়োজন নহি। মাননীয় সদস্য শক্তব্যাবৰু স্বৰোধব্যবৰু "Otherwise" প্ৰেৰণ উভয় দিয়েছেন। তাৰপৰ গ্যামেনেমেট ৩৭, ৩৮, ৩৯ নথৰ সকলে আৰুৰ বক্তব্য হচ্ছে there is no question of overriding any express declaration of court in section 24(B) (I). এইজন্ত টা আমি টিক এইখন কৰতে পাৰছি না আৰ গ্যামেনেমেট (৩৮) টা আমি validation রোৰে দলেছি। আমি আগে বলেছি, এখনও বলছি যদি কোন/ court খেকে বলে আৰ এটা আইনৰ মধ্যে রয়েছে; অৰ্থাৎ কোট' যদি বলে দেৱ voters list validate হয়েছে, তাহলে নিচৰ সেটা নেওয়া হবে।

Shri Subodh Banerjee : কেন লেখা নাই?

Shri Sworindra Mohan Misra : সেভাৰে Interpret কৰা থাক না। সেখানে পাটাহুটি সমস্ত কাজ regular হবে কিন্তু যদি কোন বিশেষ কাজ হয় সেখানে General Revision Power দেওয়া হয়েছে, যদি (Court) কোন কিছু বিশেষ অঙ্গীয় বলে মনে কৰে আহলে সে বাবহা হবে। আৰ সহজে আমি আগেই বলেছি। আমি সমস্ত সংশোধনী আৰো বিৰোধীতা কৰিছি।

6-50—7 p. m.]

Mr. Speaker : I put all the amendments to vote.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2 (1), in the proposed section 24A (a), line 1, for the word "reason" the words "order of Court" be substituted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2 (1), in the proposed section 24A, in line 8, after the words "fix a date" the words "as early as possible" be inserted when then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in class 2(1), in the proposed section 24A, lines 9 and 10, the words "or a fresh general election" be omitted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2(2) in the proposed section 24B (1), in line 2, after the words "general election" the words "or bye-election" be inserted, was then put and lost.

The motion of Dr. Pabitra Mohan Roy that in clause 2 (2), in the proposed section 24A (c) (i), line 3, after the words "continuing in office"

the words "which will not be more than 180 days after the expiry of the term" be inserted, was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that in clause 2(1), in the proposed section 24A (b), lines 1 & 2, the words "otherwise than under the provisions of this Act" be omitted, was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that in clause 2 (2), in the proposed section 24 B (1) at the end the words "unless such thing done or such action taken is expressly declared invalid by a court" be inserted, was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that in clause 2(2), in the proposed section 24B, sub-section (2) and (3), be omitted, was then put and lost.

The motion of Shri Ramanuj Haldar that in clause 2, in proposed section 24A, in line 8, after the words "fix a date" the words "as soon as within four months" be inserted, was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that in clause 4(1 (b), lines 1 and 2, the words "or for any other reason whatsoever," be omitted. I wish to omit the words "or for any other reason, whatsoever," If the court nullifies the election of the Commissioner, then there is a failure. If there is no such order, then the Commissioner will go on running and there is no other contingency by which the work of the Commissioners may fail. There may be contingency that all the Commissioners may in a body resign. That is not a thing which is contemplated here. Therefore I wish to omit the words or for any other reason, whatsoever". That is a vague reason. Therefore, you can only retain only this portion, i. e. cannot, for failure of a general election, be managed in accordance with law.

Shri Ramanuj Haldar : Sir, I beg to move that in clause 4(1), last line, for the words "it may" the words "it shall" be substituted. আমার এই short amendmentটি নিম্ন পরে কেমন হবে বলতে পাই না। আমি এটা পড়ে দিচ্ছি—

"If in the opinion of the State Government the affairs of a municipality—

- (a) are not properly managed, or
- (b) cannot for failure of a general election or for any other reason, whatsoever, be managed in accordance with law,

and if in its opinion it is desirable in the public interest so to do, it may,"; আমি may এর আঙ্গায় shall করতে বলছি। আমি মনে করি shall হওয়াই বাহ্যিক। May থাকলে discretion থাকে—মেটা খিতে আমি বাজী নই।

Mr. Speaker : "May" থাকলেও সব সময় "discretion" থাকবেন।

Shri Ramanuj Haldar : কোন কোন ভাবগাম emphasis রাখা হচ্ছে—যেখানে মেধানে shall রাখা হচ্ছে আইনের মধ্যে। সেজন্তই আমি may না রেখে shall রাখতে চাইছি।

Shri Sowndra Mohan Misra : বস্তু পাণ্ডি মহাপর্য বা বলশেন মেটাতে অনুবিধি হচ্ছে। ভাটিপাড়া Municipalityতে Election set aside করে দিয়েছে court থেকে, তাই আমাদের পক্ষে এটা করতে হবে। Whatever, be managed in accordance with law.

এ সংশোধনী প্রথম করতে পারিলা। রাখান্তর হালদার মহাপর্য বা বলশেন তাৰ চেয়ে বেড়া আছে তা অনেক বেশী পৰিষ্কৰ আছে, এবং মেটা জোগালোও বটে। তাই তাৰ সংশোধনী প্রস্তাৱ গহণ কৰতে পারিলা।

Mr. Speaker : I put all the amendments to vote.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 4(1)(b), lines 1 and 2, the words "or for any other reason, whatsoever," be omitted; was then put and lost.

The motion of Shri Ramanuj Halder that in clause 4(1), last line, for the words "it may" the words "it shall" be substituted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to

Clause 5

Shri Subodh Banerjee : এখানে নথৰ ভুল আছে। এখানে sub-section (1) section 162 of sub-section (2)টা তুলে দিলে আৰু sub-section (1) এৰ (1)টা রাখাৰ দৰকাৰ হয় না।

Mr. Speaker : So you don't move it, do you ?

Shri Subodh Banerjee : তুল কৰতেও পাৰেন নাও পাৰেন।

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Basanta Kumar Panda : Sir, in the proposed section 162A I wish to omit sub-section (1) because it purports to retain the same thing which has been forbidden by the High Court. The High Court has said that you are keeping the procedure for distraint and the procedure for filing suits for realisation of dues at the same time. This is inconsistent and this has been pointed out by the High Court. You are enacting something with regard to which discrimination has been pointed out by the High Court. But you see here the wording of section 162A (1)—"In the event of failure to recover the whole or any part of the sum due by certificate as prescribed in section 162 the Commissioners may sue the person liable to pay the same in any Court of competent jurisdiction". That means, you are retaining the same thing which has been forbidden by the High Court, namely, certificate procedure and procedure for distraint. Of course, the Hon'ble Minister has pointed out that for the benefit of the municipalities some procedure should be adopted which will give rise to the realisation of the taxes in a very efficient manner and within the shortest possible time. With regard to that there cannot be any objection but you can keeping two things alike at the same time. You are suing in some cases and you are realising by certificate procedure in some other cases. Instead of that if you retain only certificate procedure, that will be beneficial for the municipalities because in certificate procedure there is a provision in section 9 of the Public Demands Recovery Act for ventilation of any grievances with regard to any amount, with regard to quantum or with regard to some other matters. Therefore,

I would say that you retain only one procedure because there will be discrimination.

Shri Subodh Banerjee : Discrimination হয় না। Original Bill এ যে কথা ছিল এখন সে কথা বাই দেওয়া হয়েছে। এখন আর discrimination হয় না।

Mr. Speaker : So Mr. Panda, you don't move your amendment?

Shri Basanta Knmar Panda : No, Sir, I don't press it.

Shri Pabitra Mohan Roy : Sir, I beg to move that in clause 6, in the proposed section 162 (1), in line 5, after the words "sue the person" the words "or the Administrator of the Estate" be inserted.

স্মীকার মহোদয়, এখানে যে practical difficulty দেখেছি, সেটাই এখানে pointout করেছি। এখানে এই কথাগুলি মানবীয় মঙ্গী মহাশয় এবং শংকরবাবু আছেন তারা বিবেচনা করে দেখবেন। এখানে a person liable পৰি a person to be sued রয়েছে। Sir, এখন এটা দেখা গিয়েছে sue the person liable to pay the same বললে কি হয় এবং এখানে municipality'র system'টা কি সেটা বোধ দরকার। Municipality'র system হচ্ছে, কোন লোক তার নামে যে সম্পত্তি থাকবে সেটা municipal assessment list এ এবং demand register list'এ সেই লোকের নাম উঠে যাবে। কিন্তু some time after দেখা গেল সেই লোক মারা গেল এবং মারা যাবার পৰি বছ ক্ষেত্রে municipality'তে খবর করে দেখবেন, সেই নামের পরিবর্তন করা হয় না for years together সেই mutation'এর পরিবর্তন হয় না—সেটা পেকেই যাব। In the mean time সেই সম্পত্তি কার, কে সেই সম্পত্তির মালিক অবগতাপেক্ষ থেকে য.স্ব। ইহত সেই property'এ legal case থাকে heir, সেটা ঠিক হয়নি। এখানে তাকে sue করতে গেলে সে এর against এ মালিক করে দেব এবং আমরা অনেক ক্ষেত্রে দেখেছি যে court order দিয়ে Administrator বা Executor appoint করে দেব। সেইক্ষণ same person যার নাম demand register of the municipality এবং assesment list of the municipality'তে আছে তার মৃত্যু'র পর সেই dead person'র নামের পরিবর্তন হয় না। সেই নামই রয়ে যাব, কাজেই তার বিকল্পে মালিক করলে সেটা fail করে। সেইক্ষণ আমি বলছি, after the words "sue the person" the words "or the Administrator of the Estate" be inserted.

[7—7-10 p. m.]

Shri Ramanuj Halder : I beg to move that in clause 6, in proposed section 162A, (1), line 2, the words "the whole or any part of" be omitted.

আর, এখানে এর মধ্যে the whole or any part of the sumdue যেটা রয়েছে এটা আমি মনে ক'রি যে due বলতে যা বুঝায় তার জন্মে যদি certificate দেওয়া হয় তাহলে সেখানে part বা whole বলবার কি যথোগত আছে। যে কোন due এর জন্ম যদি certificate দেওয়া হয় তারমধ্যে distinction করে বলে দেওয়ার কি অগোজন আছে? স্বতরাং the whole or any part দিয়ে unnecessarily ভাইনের কলেবর বাড়িনোৱা দরকার আছে বলে মনে ক'রি না। এটা তুলে দিলে কোন অস্বিধা হয় ন। সেজন্ত এটা omit করবার কথা। বলেছি।

Shri Sankardas Bandyopadhyay : Sir, I do not think there is any substance in the arguments advanced by my friends opposite. I do not think it is at all necessary to bring the words 'Administrator' or 'Executor.' It presupposes that if a man dies then an administrator or an executor is appointed. You cannot make out an offence against a dead person. Nothing remains to be done if you sue a living person and then the living person dies. Well, the Law of Substitution is there.

These are matters covered by the Civil Procedure Act. I think the draft is perfectly all right.

Shri Sowrindra Mohan Misra : শ্রীকার মহোদয়, প্রীতির দাস ব্যানার্জী এর উভয় পিতৃছেন। কুজোঁ আর কিছু বলার প্রয়োগ মনে করি না। বে দুটি সংশোধনী অস্তাৰ আছে আমি তাৰ বিৱোধীতা কৰিছি।

Mr. Speaker : I put all the amendments to vote.

The motion of Shri Pabitra Mohan Roy that in clause 6, in the proposed section 162 (1), in line 5, after the words "sue the person" the words "or the Administrator of the Estate" be inserted, was then put and lost.

The motion of Shri Ramanuj Halder that in clause 6, in proposed section 162 (1), line 2, the words "the whole or any part of" be omitted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 6 in the proposed section 162A, the sub-section (1) be omitted, was then put and lost.

The question that Clause 6 do stand part of the Bill was then put and agreed to,

Clause 7

Mr. Speaker : Shri Subodh Banerjee will now kindly speak,

Shri Subodh Banerjee : I beg to move that in clause 7 to the proposed sub-section (2), the following proviso be added "Provided that the period of supersession shall not exceed one year in the aggregate,"

শ্রীকার স্বার, আমাৰ বক্তব্য হচ্ছে একটা time বৈধে দিতে চাইছি। আপনাতা বলছেন কিনা powers to supersede Commissioners etc. etc. সেই জাগতীয় আপনারা বলছেন নোতুন sub-section add কৰেচেন—The State Government may, if it considers it necessary so to do, by order extend or modify the period of supersession. আমি এখনে একটা সময় বৈধে দিতে চাইছি—Provided that the period of supersession shall not exceed one year in the aggregate. Supersession কৰে দিবি অনবৰত চালাতে ধৰকেন তাহেন কি অগ্ৰহা হবে? মেষ্ট একটা সময় বৈধে দিন। Supersession এৰ একটা time limit কৰে দেওয়াৰ প্ৰকাৰ আছে গৱে আমি মনে কৰি।

Shri Sowrindra Mohan Misra : এইৰকম ভাবে সময় বৈধে দেওয়া অসম্ভব। কুজোঁ এই প্ৰস্তাৱ মানা যাব না।

Mr. Speaker : I put the amendment to vote.

The motion of Shri Subodh Banerjee that in clause 7 to the proposed sub-section (2) the following proviso be added "Provided the period of supersession shall not exceed one year in the aggregate", was then put and lost.

The question that Clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Mr. Speaker : Shri Basanta Kumar Panda may kindly speak.

Shri Basanta Kumar Panda : I beg to move that in clause 8, in the proposed section 554 (1), the first proviso to clause (bb) be omitted.

I also beg to move that in clause 8, in the second proviso to clause (bb) of the proposed section 555 (1), line 1, the word "further" be omitted.

With regard to my first amendment (Item No. 22) I have sought to omit the proviso to sub clause (bb). The proviso is this: 'Provided that when the State Government directs more than one person to exercise any powers and perform any duties it may, by order, allocate such powers and duties among

the several persons appointed in such manner as it thinks fit." Here is a provision for appointment of 'several persons' to do the several functions of the municipality. There is no provision for any co-ordination. In the *Bengal Municipal Act* there is a provision for appointment of one man as Administrator who will be a co ordination body. All the functions of the Commissioners taken together will be exercised by him. But if you appoint different persons to do the different functions of the municipality, then one person may be appointed for the purpose of realisation of dues, a second person may be appointed for the purpose of payment of salaries, a third person may be appointed for the purpose of looking after the conservancy system a fourth person may be appointed for the purpose of maintaining the water system and another person may be appointed for the purpose of looking after the lighting system and the result will be that several persons will be appointed for several functions and there will be no co-ordination. But if these persons unite themselves and sit together for the purpose of running the municipality, then there will be co-ordination. Therefore, I wish to omit the proviso so that these persons may become collectively responsible.

If you do not keep this proviso then you can appoint an Administrator who will do all the functions, may be effectively manned, but one person will be responsible.

If the first amendment is accepted, then with regard to the second proviso I propose by my amendment No. 23 to omit the word 'further'. It is not necessary.

My next amendment is item No. 24 wherein I have stated that in clause 8, in the proposed section 554 (2), clause a) be omitted. Clause 8 (2) (a) runs thus : The State Government may at any time, by order reconstitute the body of municipal Commissioners by appointment of all the Commissioners for such period as may be specified in the order, etc Sir, it is a very repulsive clause, because the Commissioners are elected and an Administrator or a number of Administrators are appointed. Here is a provision that the Government, by nomination, will fill up all seats of all the Commissioners. Now, those persons who are nominated by the Government are nominees of the Government. Similarly, one person who is appointed as an Administrator is a nominee of the Government. Two or three Administrators who do different functions of the municipality are all nominees of the Government. But why are you going to appoint all the seats of the Commissioners by nomination ? What will be the effect and what purpose would be served by this ? The purpose will be that Government will have an easy hand in appointing so many persons or, if I may be permitted to use the word, so many stooges in the municipality to further the cause of Government which may be derogation of the desire and wishes of the rate-payers. The position come to this that the entire democratic body is set up by nomination, and that is something which is repulsive and is unknown to any other form of democratic institution. You have got ample power to run the municipality in case of eventuality. Then why are you going to appoint all the Commissioners by nomination ?

[7-10—7-17 p. m.]

Shri Subodh Banerjee : Sir, I beg to move that in clause 8, proposed section 554(1) (ee), line 1, after the word "shall" the words "during the period of supersession," be inserted

Shri Jatindra Chandra Chakravorty : আমার প্রশ্ন হচ্ছে, এই তদন্ত করার মধ্যে আমাদের যিনি পুলিশমন্ত্রী বা রসোগোপ্তা মন্ত্রী, তার হাত আছে কি না ?

(No reply.)

Shri Ganesh Ghosh : এই Police verification systemটা করে থেকে introduced হয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : আমি Notice চাই।

Shri Ganesh Ghosh : এটা introduced হবার আগে বাংলা সরকারের পক্ষ থেকে Calcutta Improvement Trust বা ঐরকম statutory body-র কাছে এইসকল কোন উপদেশ বা suggestion গিয়েছিল কি না যে recruitment করার ময় Police verification করতে হবে ?

The Hon'ble Prafulla Chandra Sen : যাইনি।

Shri Ganesh Ghosh : এই Police verification সংস্করে অনেক আপত্তি আছে এবং এটা হওয়া উচিত নয় এই বলে কি কোন আদেশ মেখানে গিয়েছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : এই department থেকে যাইনি।

Shri Ganesh Ghosh : এই সংস্করে Government-র কাছে কোন আপত্তি এসেছে কি ?

The Hon'ble Prafulla Chandra Sen : না আসেনি।

Shri Ganesh Ghosh : একথা কি সত্য, Calcutta Improvement Trust-এ এই system introduce করা হয় যেহেতু statutory body-কে আপনারা জানিয়েছেন যে এই এই ব্যাপারে এই প্রিনিয় করতে হবে ?

The Hon'ble Prafulla Chandra Sen : না। তাদের নিজেদেরই power আছে, আমাদের জানাবার দরকার নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : The Act says, "The Commissioner of Police and his subordinates shall be bound to co-operate with the Chairman for carrying into effect and enforcing all the provisions of this Act. It shall be the duty of every police officer who is subordinate to the Commissioner of Police to communicate without delay to the proper officer or servant of the Board any information which he receives of a design to commit or of the commission of any offence against this Act any rule made hereunder; and to assist the Chairman or any officer reasonably demanding his aid for the lawful exercise of any power vesting in the Chairman or in such officer"

Shri Ganesh Ghosh : এটা কোন সময়ের ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : 1911.

Shri Ganesh Ghosh : তখন কি police verification ছিল ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : It says, "to assist the Chairman or any officer or servant of the Board reasonably demanding his aid for the lawful exercise of any power vesting in the Chairman or in such officer or servant under this Act or any rule made hereunder." under the Act the Chairman is entitled to ask for police help.

Shri Ganesh Ghosh : এই Act-এ যা বললেন তাঁর Calcutta Improvement Trust-এর সমস্ত functions.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : The language is "to assist the Chairman or any officer who is reasonably demanding his aid for the

lawful exercise of any power vesting in the Chairman". The Chairman wants help of the police to assist him and he gets the help.

Shri Ganesh Ghosh : আজ্ঞা এর মধ্যে কি এ কথা লেখা আছে that the Chairman can demand police verification of any officer ...

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : The Chairman is entitled to ask for the police help.

Shri Gopal Basu : এখানে দেখা যাচ্ছে Police Commissioner সম্পর্কে লেখা আছে তাৰ jurisdiction হচ্ছে Corporation। এতে Bengal Police সম্পর্কে লেখা নেই। তাহলে কথা হচ্ছে Bengal Policeকে ক্ষমতা কে দিল? Police Commissioner-এর কথা আছে। I.G.-ৰ কথা নেই।

(No reply.)

মুখ্যমন্ত্রী যেটা পড়লেন within the sphere of the Corporation of Calcutta.

The Hon'ble Prafulla Chandra Sen : এটা তো খুব পরিকার Police Commissioner-কে যদি Improvement Trust-এর Chairman কিছু লেখেন তাহলে তাৰ I.G.-ৰ কাছ থেকে সংবাদ নেবাৰ দৰকাৰ হলে নেবেন।

Shri Sunil Das : মাননীয় মন্ত্রী যাহাশয় কি বলবেন গভর্নমেন্ট suo moto Calcutta Improvement Trust-কে কোন সময় আনিয়েছেন কি না যে অস্বীকৃত particular লোককে ঢাকুৰী দিও না, কাৰণ সে undesirable ব্যক্তি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : গভর্নমেন্টের তো Suo moto নেই It is the Legislature which has given the power to the Improvement Trust to call upon the Police Commissioner to do so. I have not given the power, the Legislature has given it.

Adjournment Motion

Mr. Speaker : There is an adjournment motion tabled by Shri Sunil Das to which consent has been refused by me.

Shri Sunil Das : Lockout সম্বন্ধে.....

The Hon'ble Abdus Sattar : The lockout has been lifted.

Calling attention to a matter of urgent public importance

The Hon'ble Khagendra Nath Das Gupta : Sir, I wish to make a statement under Rule 198 of the Rules of Procedure and Conduct of business in the West Bengal Legislative Assembly on a calling attention

notice tabled by Shri Monoranjan Hazra regarding the eviction of peasants for construction of Durgapur Expressway in Mrigala Mauza, Chanditala P.S., district Hooghly.

The West Bengal Development Corporation has been authorised by the State Government to undertake construction of the Calcutta-Durgapur Express way. The notice published in the Calcutta Gazette bearing No. 8430 L.A. dt. 2. 6. 61 is a declaration under section 6 of the Land Acquisition Act, 1894 starting that the lands described therein are needed for public purposes, i.e., for construction of the Calcutta-Durgapur Express Way. The total area of the land in this declaration is 91.76 acres of which about 62 acres lie in Mouza Mrigala. Plots taken possession are all waste and arable lands and do not contain any homestead. Delivery of the possession of two plots which contain a small knitting factory and a tile-shed has not been effected by the Collector.

Due compensation will be paid for the above lands as soon as the Collector makes his award. The cultivators may purchase other lands out of compensation so received. There is no plan or scheme to provide the cultivators with cultivable land in exchange nor is this possible on the part of the West Bengal Development Corporation.

[4—4-10 p.m.]

Discussion about Business of the House

Shri Jyoti Basu : স্পীকাব মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, Business Committee'র দ্বৈষিক হয়েছিল এই বিল সম্পর্কে এখন একটা পরিবর্তন হবে—আজকেই আমরা জানলাম এবং মেট' ক্ষেত্র, Estates Acquisition Act হয়ে যাবার পর এখন যেটা হবে, Shop Assistants Bill হবার কথা। এখন এতে আমাদের খানিকটা interest আছে, আজকে না আন্তেই ডাল হব। তাইলে এর উপর আমরা আলোচনা করতে পারি। এটা টিক অস্থা বিল, যেখন Amusement Bill'এর মধ্যে নয়। তারপর, যেসব member'রা amendment দিয়েছেন তারা অনেকেই এখন এখানে উপস্থিত নাই। অনেক আবার সেইভাবে তৈরী হয়েও আসেননি। মেই হিসাবে গুরু একটা মুদ্রিণে পড়তে হবে তাঁরা'র Amendment Bill'টি আনাব জন্য।

Shri Jagannath Koley : জ্যোতিবাবু যেটা বলছেন, আমি agree করি, Shop Assistants Bill'এ অনেক amendment পড়ছে। সাধাৰণ সাহেব আপনাদেৱ সংগে বলে আলোচনা কৰতে অস্বীকৃত আছেন। Amusement Bill, Taxation Bill এটা, ও ঘটা সময়। এই তিনি ঘটা'ৰ মধ্যে আজকে যদি এক ঘটা'য় consideration কৰিয়ে নিতে পারি তাইলে কালকে আবার হতে পাবে।

Shri Jyoti Basu : Amusement Bill একটা taxation bill, taxation bill এভাৰে হওয়া উচিত নয়। এক ঘটা'য় General Reading শেষ কৰেছিলাম। Amendments পৰে হবে, এভাৰে হওয়া উচিত নয়। তাই আমাৰ মনে হয় এখন অন্য কোন বিল ধৰা উচিত নয়। আমাৰ এটা কৰতে পাৰি যে, Labour Minister'এর সংগে বা Chief Minister'ও যদি ধাকেন, তাঁদেৱ সংগে এই বিলটা আলোচনা কৰতে পাৰি কি কি বিল আসতে পাৰে—বাতে বিশেষ কৰে Shop

Assistant' Billটি আসতে পারে এই sessionএ। এই সংজ্ঞান আগেকার আইনে lacunae দেখা দিয়েছে। সেজন্ট সময় নষ্ট না করে Chief Ministerএর ঘৰে Labour Ministerএর সংগে আমৰা সবাই মিলে আলোচনা কৰতে পাৰি। এভাৱে ভাড়াহড়া কৰে হাউসে কোন বিল পাশ কৰলে অস্বীয় হবে।

Shri Jagannath Kolay : এক ষষ্ঠী considerationএর পৰি যদি আমৰা Calcutta Improvement Bill

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Estates Acquisition Act হয়ে গেলে আমি আমৰ বিলটি introduce কৰি, তাৰপৰ we stop there and then you can take up Calcutta Improvement Amendment Bill and West Bengal Standards of Weights and Measures Bill.

Mr. Speaker : The two bills, The West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill and the Calcutta Improvement (Amendment) Bill may be taken up today.

Shri Jyoti Basu : What about the Shops and Establishments Bill ? We are very much interested in this Bill coming up this Session ; but the House may be adjourned sine die without taking up the Bill.

Mr. Speaker : That may be taken up next week.

West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1961.

Shri Saroj Roy : মা: স্পীকার মহাশয়, এখন আমৰা Estates Acquisition Actএর তৃতীয় পৰ্যায়ে আলোচনা কৰছি কিন্তু এই আলোচনা শুধুমাত্ৰ আলোচনাতেই পথৰস্তি হয় কাৰণ গত দশ বৎসৱেৰ অভিজ্ঞানৰ আমৰা একবাৰও দেখিনি সৱকাৰপক্ষ থেকে আমাদেৱ কোন সংশোধনী গ্ৰহণ কৰা হয়েছে। বৰ্তন একটা scope আছে তৃতীয় পৰ্যায়ে আলোচনাৰ তখন এটা শুধু আলোচনাৰ অন্তৰ্ভুক্ত আলোচনা। এভাৱে না দেখে যদি মন্ত্ৰীমহাশয় একটু বিবেচনা কৰেন এবং প্ৰথম ও বিতীয় পৰ্যায়েৰ আলোচনাৰ পৰি যদি কোন সমস্তা থেকে যায় যদি তাৰ মধ্যে কিছু resonable থাকে, তাহলে তৃতীয় পৰ্যায়েৰ আলোচনায় সেগুলি যদি বিবেচনা কৰেন তাহলে সাধাৰণ মালুমৰে পক্ষ থেকে, সৱকাৰসমাৰকেৰ পক্ষ থেকে অনেক উপকাৰ হবে। প্ৰথম কথা, এই Estates Acquisition Actএ কাৰ্য কৰতে গিয়ে সৱকাৰ কৃতগুলি বাধাৰিয়েৰ সমূহীন হয়েছিলো এবং এজন্ট তাদেৱ মাঝে টুকৰো টুকৰো amendment আনতে হয়েছে। প্ৰথম কিন্তু জিনিয় এৰ মধ্যে ছিল—বেধানে refugeeৰা জাহাঙ্গীজি মধ্য কৰেছিল, অৰ্থাৎ মেগুলিকে জৰুৰদখল কলোনী বলা হয়, আমৰা খোঁ-খৰুৰ বিৱে দেখেছি যে সেই জাহাঙ্গুলি প্ৰথমন্ত: প্ৰয়োজনীয়ালোক, বাৰা জৰিদাৰ তাদেৱই জাৰগা।। এবং একধাৰ আমৰা জাৰি যে, সেই সমস্ত জাহাঙ্গুলি অলাভূমি ছিল এবং কোনদিন সেই জাহাঙ্গুলিৰ এক ভাড়াতাড়ি উৱাচি হতে পাৰত কিনা যে বিষয়ে সৱকাৰেৰও মধ্যেট সন্দেহ ছিল। কিন্তু refugee হয়ে বাৰা এদেশে এসেছিল তাদেৱ পুনৰ্বাসনেৰ অজ সৱকাৰেৰ যে দায়িত্ব ছিল সৱকাৰ সেই দায়িত্ব পালন না কৰায় refugeeৰা বীধ্য হয়েছিল এই সমস্ত জৰুৰদখল কলোনীগুলিতে বসবাস কৰতে। এই সমস্ত উৱাচিৰা মহুয়াবস্থাসেৰ অৰোগ্য আহঙ্কাৰিয়ি, পক্ষিত জমি, খোৱাপ জমিৰ উন্নয়ন সাধন কৰে সেগুলিকে বাসোপৰ্যোগী কৰে তুলেছে। তাই আমি মা: মন্ত্ৰীমহাশয়েৰ নিকট অছুৱোৰ

জানাৰ, এইসব উৰাল্প family বাতে পুনৰায় উৰাল্প না হয় সেদিকে নজৰ দেখে আমাদেৱ কিছু কিছু মংশোধনী গ্ৰহণ কৰতেন, তাহলে তাদেৱ পুনৰ্বস্তিৰ দিক ধেকে সবচেয়ে বেশী কাজ হৰে। অন্তদিকে সে সমস্ত অমি তাদেৱ ধেকে ছিনিয়ে নিলে বড় বড় জোকদাৰ অমিদাৰ শ্ৰেণীৰ লোকেৱ উপকাৰ হত্তে পাৰে, কিন্তু গণতান্ত্ৰিক দিক ধেকে কোৱ উপকাৰ হৰে না।

[4-10-4-20 p.m.]

তাৰপৰ মধ্যস্বত্ত্বাধীনেৱ দিক ধেকে যে সমস্ত বণেৱ বাগাৰ ছিল সেটাকে নেগোশিয়েবল এবং মালফাৰ হিসাবে বিলেন—এটা ভাল কথা। কিন্তু যখন একটা বিল ওপৰে কৰা হল, একটা দুমঙ্গলেট অনে বিল ওপৰে কৰা হল তখন সেদিক ধেকে বিশ্ব একটা স্বৰূপ বেবেন ষে কতটুকু স্থানে ভালো কৰা যতে পাৰে। ছেট ছেট মধ্যস্বত্ত্বাধীনেৱ প্ৰধান সমস্তা ছিল ষে এককালীন কৰে তীৰা টাকা পেতে পাৰেন বাতে তীৰা একটা কাজে লাগাতে পাৰেন, বা কিভাৰে বৈশী টাকা গভৰ্ণমেন্টেৱ কাছ ধেকে পেতে পাৰেন। এই বিলৰ ধাৰ্ত এমেণ্ডমেন্টেৱ বেলায় তীৰা দুই ভাল কাজটা কৰতে পাৰতেন। প্ৰথম বি-ডিং-এৱ সময় আমি একটা কথা বলেছিলাম ষে বৰকাৰ ধেকে আৱ সংবাদ বাৰ কৰা হয় ষে, আমৰা এত হাজাৰ টাকা মধ্যস্বত্ত্বেৱ দিয়েছি—অর্থাৎ সদিন আমি বলেছিলাম ষে কিৰকম টাকা দেওয়া হয়—না সেই টাকা আদাৰ কৰতে গিয়ে চাকেৰ যৈ মণিৰা বিকোঠত হয়। এ বিষয়ে আমি আপনাৰ কাছে কংক্রিট কেস দিচ্ছি। গড়বেতা ধানাৰ ১৮নং [উনিয়ামে অচু] বিখ্যাস ৰোল নং ৬০, এক আনা আট পাই পাবে তাকে একটা মোটিশ দেওয়া যৈছে—“উপৰোক্ত আফিসৰ আমিয়া ত্ৰুটি ক্ষতিপূৰণ তালিকা পেখিয়া যাও।” এখন সেই জাহাগীয় যতে গেলে আৰু হিসাব কৰে দেখেছি যে ৩০০ খৰচ পঢ়ে। জে. এল. আৱ. ও অফিস ধেকে বলি খৰচ কৰে কেন নিতে দেওয়া হল জানি না। অবিল পঞ্চিত, ৰোল নং ৯২৭, ২।/০ আনা যাবে। তাকেও ঐভাৱে একটা মোটিশ দেওয়া হল—গোয়ালপাড়া জে. এল. আৱ. ও. অফিস ধেকে। বড় বড় মধ্যস্বত্ত্বাধিকাৰী বাৰা আছে তাদেৱ ১০।৮০ হাজাৰ টাকা নগদ খেটা দিকে যাচ্ছেন মটাৰ পার্সেন্টেজ কমিয়ে বণে টাকা দিন এবং সেই টাকা নিয়ে ছেট ছেট মধ্যস্বত্ত্বাধিকাৰীদেৱ বাতে এককালীন টাকা দিত পাৰেন সেদিকে চেষ্টা কৰন। কালকে একটা ডিভিমন কল কৰা যৈছিল এই কাৰণে যে আপনাৰা বেকেঢ অফ রাইটস প্ৰিণ্ট কৰতে চান না। কিন্তু আমাদেৱ ঘন্ত য আপনাৰা যদি এইসব প্ৰিণ্ট না কৰেন তাহলে বড় বড় লোকেৱা চোটদেৱ সৰ্বিন্দু কৰবে।

Shri Basanta Kumar Panda : Mr. Speaker, Sir, we have amended Special Section 5A and Section 6 half a dozen times after the actual operation of the Estates Acquisition Act but the desired effect has not been achieved. What is the problem of land reform in this country? From 1935, i.e. from the time of the Flood Committee report and in the book of Sir Azizul Haque "Man Behind the Plough" the land problem has been correctly stated: land should be given to the tiller and absent landlordism should go. No man should be allowed to live on the earnings at least agricultural earnings or productions of others. So the problem is there. From the unwilling hands attempts are being made from 1935 up to now for taking away land and re-distributing it to the persons who are on the land and who are tillers of the soil. Before the independence same promise was made by the Congress that after independence landlordism should go; intermediary should go; and that the property should be given to those persons who are tillers of the soil. From 1947 to 1954

nothing was done. From 1955 two Acts were passed for the solution of the land problem : the Estates Acquisition Act and the Land Reforms Act. In the Land Reforms Act except the Bargadar chapter no other chapter has been given effect to from 1956 up to now. With regard to the Estates Acquisition Act, the problem has not been touched. The people who are not cultivators have kept the land in the benami of so many persons. In this session I tried to have an amendment to the Act for giving a chance to those persons whose name had not been recorded but whose name ought to have been recorded by extension of three years' time for correction of the record. That has not been accepted on the plea that if that is accepted, preparation of compensation roll will be delayed. But what is the problem ? Is it payment of compensation or is it distribution of land ? The real problem is re-distribution of land. You admit on paper that you have got about 2 lakhs acres of land about half of which will be uncultivable. This is the problem. So taking away of land and re-distribution of land has been a failure. The real problem is to distribute the land to the tiller of the soil. By "tiller" I don't mean bargadar alone ; there are middle-class people and lower middle-class people some of whom cultivate and the land and some of whom cultivate part of the land and the other part is cultivated by the bargadars. With regard to all of them the problem is that they should be made actual owners. For them up to a certain limit the land must be rent-free. Of persons who earn from the land there is no gradation of taxation : there is a uniform rate of taxation ; but for those who work in the factory or those who work as labour or service-holders or those persons who are engaged in any other avocation there is a limit up to which no income-tax is paid and above which there is taxation. With regard to land there is gradation of rent under section 24 of the Land Reforms Act but that is not given effect to. Our suggestion is that up to 5 acres the land must be rent-free. With regard to transferability there must be certain limitations. Making small tenancies is harmful. It has been accepted in principle but in practice it is not given effect to. The only amendments which are coming up during the last two or three years are for easing the payment of compensation and for making the record-of-rights.

[4-20—4-30 p.m.]

These are mere incidental things. The real problem is not being touched at all. I know the limitations of this Government. On the one hand they are to depend upon the industrialists and on the other hand they are to depend upon the big jotedars who are their mainstay. If they are deprived of their land who constitute a large proportion of the voters in the villages, then how the ruling party will remain in power ? Therefore, something has to be done for them deceiving the bargadars and the middleclass intermediaries. For all time they are told, "look here, we have made provisions for squeezing out land from the land-grabbers and we are going to distribute it some time soon". The time was in 1954 and we are in 1961 today, nothing has been done. Perhaps in 1966 also they will be told the same story—problem is there, we are to solve it. Sir, if there is mind time factor does not stand in the way of solving the problem. Anything can be done in the course of one year if there is mind. But Government is giving future promises and hope. The position today is that the bargadars are completely disillusioned. They

are told that this year they will be getting some compensation which will be somewhat in excess of the total amount of compensation. But what will they do with this? They have no future. They will get some money but they will have no employment. I say, these are legislations for social justice. Take away excess land and rehabilitate those persons who are actual tillers on it. You say, land in West Bengal is not sufficient to rehabilitate all of them because the statistical figure is that if we are to distribute all cultivable land it will come to 35 to 40 decimals per head. So everybody cannot be rehabilitated. Our suggestion is that along with this plan we can divert some of them, though they are agriculturists, to industry. Bihar Government has done this—they have compelled the Tatas to employ Biharies in that industry. Orissa Government has been trying to see that Oriyas are employed in the industries developing there. Assam Government has also been moving in the same direction. Why this Government is silent and so shy in this respect? Are they powerless to compel the industries in this State to employ sons of the soil? These things suggest that whatever you are doing here, in the name of solution of land problem you are actually creating land problem. You have created land problem in the mafussils and you are creating problem in the industry also. You are not solving the problem.

Shri Chitto Basu : মাননীয় স্বীকার মহাশয়, জমিদারী দখল সংশোধন বিলের তৃতীয় পর্যায়ে আলোচনা করতে গিয়ে স্বাভাবিকভাবে আমি এই বিলের প্রয়োগ সম্পর্কে কয়েকটি কথা রাখব। স্বার, আপনার মাধ্যমে মাননীয় বাজারস্থীর কাছে একটা বলতে চাই যে বাবে বাবে এই জমিদারী দখল আইন সংশোধন করবার প্রচেষ্টা করা হলে পর যে উদ্দেশ্য নিয়ে জমিদারী দখল আইন পাশ করা হয়েছিল অর্থাৎ বাংলাদেশের ডুমিহীন দরিদ্র মুক্ত জমি প্রাপ্ত এবং বাংলাদেশের গ্রামাঞ্চলে যে বিপাট অর্থনৈতিক দ্রোগ আছে তার অবসান হবে, ত্রামাগত সেই সন্দাবনা আমাদের সামনে থেকে দ্বা থেবে যাচ্ছে। বাংলাদেশের গ্রামীণ দরিদ্র ডুমিহীন মুক্ত জমির মালিক হবে এবং মালিক হয়ে বাংলাদেশের গ্রামে নতুন অর্থনৈতিক ভিত্তি প্রতিষ্ঠা করবে একথা আজ আর আমরা বলতে পারছি ন। কেন না আজকে হিন্দীয় সংশোধনী বিলের আলোচনার মধ্য দিয়ে আমরা দেখতে পাই যে আরও কিভাবে বেশী পরিমাণ জমি মধ্যস্থভূগোদারের হাতে রাখা যায় তাই এই চেষ্টা মাননীয় স্বামীহাশের করেছেন। যেখানে আমরা আশা করেছিলাম আইন সংশোধন করে দিয়ে সিলিং বেশী না করে দিয়ে আরও বেশী জমি সরকারের হাতে রয়ে সেই জমি ডুমিহীন দরিদ্রদের হতের ব্যটন করব, সেখানে আমরা দেখতে পাচ্ছি কি করে অধিক পরিমাণ জমি জমিদার-ক্ষেত্রদারদের হাতে রাখা যায় সেই চেষ্টাকে সামনে রেখে সমগ্র আইন সংশোধন করেছেন। বিনি জমিদারী দখল আইনের মুখ্য উদ্দেশ্যকে সফল করতে হয় তাহলে সরকারকে তাঁর দৃষ্টিক্ষেত্র পরিবর্তন করতে হবে। স্বীকার মহাশয়, আম এই সংশোধন বিলের প্রয়োগ সম্পর্কে ড’ একটা কথা বলব। স্বার, আপনি জানেন যে ভারত রক্ষা আইন বলে বাংলাদেশের বহু জমি ভারত সরকার প্রাপ্ত করেছিলেন এবং ভারত সরকার কর্তৃক সেই জমি প্রাপ্ত করার ফলে বাংলাদেশের অনেক দুর্বজ চাবি তার নিজের জমি থেকে বর্ষিত হয়েছে এবং সেই জমি থেকে তাদের যে আয় ছিল সেই আয় আর আজ তাদের নেই। ভারত রক্ষা আইন মতে *derequisition* হয়ে গেলে পর ভারত সরকার যাতে এই সমস্ত জমিগুলি ছেড়ে দেন এবং সেই ছেড়ে দেওয়া জমিগুলির একটা অংশ যাতে মধ্যস্থভূগোদার পেঁচ পারেন, তারজন্ত এই বিলে সংশোধন আনা হয়েছে। স্বার, আপনার মাধ্যমে মাননীয় স্বামীহাশের কাছে এই অনুরোধ করতে চাই আজ বাংলা সরকারের অবস্থা বিস্তৃত করা প্রয়োজন। ভারত সরকার বে সমস্ত জমি মুক্তের প্রয়োজনে বাংলাদেশের বিভিন্ন গ্রামাঞ্চলের দুর্বিজ্ঞ ব্যক্তদের হাত থেকে

কেড়ে নিয়েছিলেন সেই সমস্ত জমি আজ পরিবর্তিত অবস্থার বাতে কেবং পাওয়া ষ.ৱ তাৰ চেষ্টা কৰ উচিত। এই প্ৰসঙ্গে আমি দুটো ঘটনাৰ কথা উল্লেখ কৰিব—ফড়েলাবাদ ডায়াৰী কাৰ্য, আৰ একটা ইচ্ছে জাফুৰপুৰেৰ বিৰাট অঞ্চল। ১৯৪২ সালে সৱকাৰ ভাৱত বৰ্জা আইন অনুসৰে গ্ৰামেৰ চাৰিদেৱ উচ্চেল কৰে দিয়ে প্ৰায় ৬শঠা বিষা জমি নিয়েছিলেন। আৰম্বা জানি সেই জমি ফড়েলাবাদ ডায়াৰী কাৰ্যকে দেওয়া হয় এবং সেই ডায়াৰী কাৰ্য সেই জমি পৰিৰূপ ব্যবহাৰ কৰে না। ভাৱা সেই জাপাগোৱা কতকটা ট্যাকক তৈৰী কৰে, কয়েকটা গাছ লাগিয়ে বলছে সমগ্ৰ ৬শঠা বিষা জমি ভাদৰে কাৰ্জে লেগৈছে। আজি অনুসন্ধান কৰা প্ৰয়োজন, যে উদ্দেশ্যে ভাৱা সেই জমি নিয়েছিল সেই উদ্দেশ্যে তা ব্যক্তিৎ হচ্ছে কিনা। যদি না হয় তাহলে সেই জমি কৃষকদেৱ ভিতৰ বিভৱণ কৰাৰ দাবিহি সৱকাৰেৰ প্ৰাণ কৰা উচিত। আৰম্বা জানি জাফুৰপুৰে একটা বিৰাট অঞ্চল ভাৱত সৱকাৰ নিয়েছিলেন এবং এত পৰিমাণ জাপাগো ভাদৰে প্ৰয়োজনে লাগছে না অথচ এখনও ভাৱত সৱকাৰেৰ অধিকাৰে বলছে যে জমিখণ্ডিল কৃষকদেৱ জৰুৰিক সংস্থাৰে একমাত্ৰ উপায় ছিল সেই জমিখণ্ডিল ভাদৰে ফিৰিয়ে দেৱাৰ ব্যবস্থা পশ্চিমবঙ্গ সৱকাৰেৰ বাজৰ বিভাগ কৰিবেন কি কৰিবেন না সেটা জানতে চাই। আমি বলিব ভাৱা একটা কৰ্মটি গঠন কৰিব যে কয়িটিৰ মাধ্যমে ভাৱত সৱকাৰ কৰ্তৃক অধৰা সৱকাৰেৰ অভ্যন্তৰ বিভাগ কৰ্তৃক যে সমস্ত জমি দেওয়া হয়েছিল তা যাতে ভাৱা হেডভ দেৱ ভাৱ চেষ্টা কৰা উচিত। মাননীয় শ্রীকাৰ মহাশয় এ প্ৰসঙ্গে আমি আপনাৰ হ'একটা ছোটখাট ঘটনাৰ প্ৰতি দৃষ্টি আকৰ্ষণ কৰিছি। Land Revenue Act-এৰ ১৯ ধাৰা অনুসৰে ২ একৰ পৰ্যন্ত ধাৰ জমি আছে তাকে ভূমিহীন কৃষক বলে ধাৰা দেবে এবং জমিদাৰী দখল আইন অনুসৰে সৱকাৰেৰ হাতে যে জমি বৰ্তাৰ সেই জমি ভূমিহীন কৃষককে বিভৱণ কৰা হবে। ভূমিহীন কৃষক বলতে আৰম্বা বুঝি ধাৰা ২ একৰ পৰ্যন্ত জমি আছে তাৰ বেশী নেই। আৰম্বা সম্পৰ্কত জানতে পেৰেছি যে সৱকাৰে এই নীতি পৰিবৰ্তন হয়েছে। ভাৱা সাকুলাৰ মারফত বিভিন্ন জে. এল. ভাৱ. ওকে জানিয়েছেন যে ৫ একৰ পৰ্যন্ত ধাৰ জমি আছে তাকে জমি দেওয়া উচিত।

[4-30—4-40 p.m.]

অঞ্চল চিষ্ঠা কৰিব জমিদাৰী দখল আইন যখন আপনাৰা কৰিবেন, তখন ভাৱ মূল উৎসুক্ষ ছিল ভূমিহীন কৃষককে জমি দেওয়া; এবং যাতে হ'একৰ জমিৰ মালিককে ভূমিহীন কৃষক বলে মনে কৰতে পাৰি; এবং তাদেশ্য সৱকাৰেৰ হাতে বৰ্তাৰ জমি ভাৱকে দেওয়া হবে। আমি জানিবা কোন স্বার্গে উদ্দেশ্য প্ৰয়োদিত হয়ে সৱকাৰ ভাৱ এই দুই একৰ পৰিমাণ জমি দেকে পাই একৰে উল্লিঙ্কৰণ কৰিলেন। এতে কৰে গ্ৰামেৰ দৰিদ্ৰ কৃষক, যাৰা মানসিক একটু স্বযোগ পেতেন, তা থেকে ভাৱা বঢ়িত হবেন। সুতৰাং ভাদৰেৰ কথা আপি বিশেষ ভাৱে চিষ্ঠা কৰা দৰিকাৰ! যদি এই মৰ্যাদা কোন সাকুলাৰ দেওয়া হয়ে থাকে তাহলে সেটা পৰিবৰ্তন ও প্ৰত্যাহাৰ কৰা উচিত গ্ৰামেৰ অগনিত দৰিদ্ৰ কৃষকেৰ ব্যাথেৰ প্ৰতি লক্ষ্য কৰিব। ভাৱপৰ গ্ৰামেৰ তহশিলদাৰদেৱ দুৰবস্থাৰ কথা আমি মাননীয় মহী মহাশয়কে স্বৰূপ কৰতে বলি। ভাৱা মাত্ৰ ২^½ টাকা বেতনে সাৰা গ্ৰামেৰ কাজ কৰে এবং নাৰাভাৰে গাদেৱ উপৰ অত্যাচাৰ, জন্ম, উৎপৰ্ণুল চলে এবং ভাদৰেৰ উপৰ charge-sheet পৰ্যন্ত দেওয়া হয়। যদি প্ৰকৃত প্ৰত্যাহাৰ আমাদেৱ জমিদাৰী দখল আইন সৱকাৰেৰ ভৱক থেকে কাৰ্যকৰী কৰতে হয় তাহলে সেটা যাকে গ্ৰামেৰ অগণিত দৰিদ্ৰ কৃষক ও জনসাধাৰণেৰ প্ৰকৃত উপকাৰে লাগে, সেদিকে বিশেষ লক্ষ্য কৰা উচিতক সেবামে সৱকাৰী কৰ্মচাৰীদেৱ চাকৰীৰ স্থায়িত্ব, ভাদৰেৰ বেতন বৃদ্ধি এবং অগ্রাঞ্চি অভাৱ অভিযোগেৰ কথা আমাদেৱ সৱকাৰকে চিষ্ঠা কৰতে হবে। তা বলি চিষ্ঠা না কৰিব, ভাহলে ভাদৰে কাৰ্জ থেকে সংক্ৰান্ত, ভাদৰে কাজে বিষ্টি, এটা পেতে পাৰিব না।

বর্তমানে সর্বজন যে হৃষিতির একটা প্রকাণ অবস্থা হচ্ছি হয়েছে, তাৰ পিছনে দারিদ্ৰ্যৰ কাৰণ রয়েছে। সুভূতিৰ এই বিলকে কাৰ্যকৰী কৱাবাৰ পূৰ্বে তাদেৱ বিষয় বিবেচনা কৱা দৰকাৰ। তাদেৱ চাকৰীৰ স্থানিক এবং তাদেৱ অস্তৰ অভাৱ অভিযোগ ও বাৰ্তাৰে প্ৰতি বিশেষ লক্ষ্য বাধা দৰকাৰ, এবং তাদেৱ মেৰ্জনেৰ হাব পৰিবৰ্তন কৱা একান্ত আবশ্যিক। এ সম্পর্কে একটা সামগ্ৰিক সৃষ্টিজ্ঞলী নিয়ে বিশেষ কৱে গ্ৰামেৰ মাঝৰেৰ প্ৰতি লক্ষ্য বেথে বাংলাদেশেৰ জিমদাবী দখল আইন বচনা কৱা উচিত। তা বলি না কৱেন, তাহলে আমি আজ এখন থেকে সতক' বাণী উচ্চাবণ কৱছি যে বাংলা দেশেৰ কুৰকৰা আপনাদেৱ এই ব্যবহাৰকে কোন দিন থেবে নিতে পাৰবে না, এবং তাৰা এই চৃড়ান্ত অবস্থাৰ ভিতৰ দিয়ে তাদেৱ বাঁচাৰাৰ পথ খুঁজে নৈবে।

আমি আশাকৰি সৱকাৰ তাদেৱ এই নৌতি পৰিবৰ্তন কৱবেন এবং আমাৰ এই সতক' বাণী তৰে গ্ৰামেৰ দৱিত্ত অগনিত মাঝৰেৰ প্ৰতি সুব্যবহাৰ কৱবেন।

Shri Panchugopal Bhaduri : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে তৃতীয় পৰ্যায়েৰ আলোচনাৰ আমি অংশ গ্ৰহণ কৱছি। সংশ্লিষ্ট মন্ত্ৰীমহাশয় বিৰোধী পক্ষেৰ মাননীয় সদস্যগণেৰ, সবাৰ কথা শুনে, যে ভাৱে তিনি সৌজন্যেৰ সহিত উন্নৰ দেৱাৰ চেষ্টা কৱেছেন ভাৰজন্ত আমি তাকে ধন্যবাদ জাৰাছি। কিন্তু তাৰ সদিচ্ছা থাকা সহেও, তিনি তাৰ এই বিলে কোন material amendment আবণ্ণতে পাৰেননি। বিৰোধী পক্ষ যে সমস্ত গ্ৰামেওমেন্ট এনেছেন, যে সমস্ত সংশোধনীৰ ভিতৰ আধিকাৰীৰ আভাস বয়েছে, মেই সম্পর্কে তিনি বিবেচনা কৱতে পাৰেননি। মেইজন্ত এই বিল যে ভাৱে পাশ হতে চলেছে—এবং বিৰোধী পক্ষেৰ যে মকল অক্ষয় যুক্তিপূৰ্ণ সংশোধনী ভলি গৃহীত হল না, এই দুটি দেখে, মাননীয় মন্ত্ৰীমহাশয়েৰ সৌজন্য ও সদিচ্ছাৰ কথা বাদ দিয়ে, আমাদেৱ মকলকে সচেতন হতে চৰে।

তাৰ কাৰণ, কংগ্ৰেস দলেৰ সংগ্ৰামী যুগেৰ যে পূৰ্ণ ঐতিহ্য, মেই ঐতিহ্য থেকে তাৰা সম্পূৰ্ণ parting of ways হতে চলেছে, তা পৰিকাৰ ভাৱে এই বিলেৰ আলোচনাৰ মধ্যে ফুটে উঠেছে। বে মকল তাৰ বিচাৰেৰ কথা social justice-েৰ কথা আজ বলা হচ্ছে, মেই social justice প্ৰাক্ বাধীনতা যুগে—কংগ্ৰেসেৰ মকল ব্যক্তি চিষ্ঠা কৱতেম। কংগ্ৰেসেৰ যে common understanding ছিল, common terms ছিল—তাতে তুমী বন্ধনেৰ ক্ষেত্ৰে এই শিক্ষাস্ত নেওয়া হৈবে ছিল যে সকল ভূমিহীন কুৰক থেন জমি পাৰ। আমাৰ বাঁকাৰে বলতাৰ 'দেশেৰ জনক' মহাজ্ঞা গাছী, তিনি বিশেষ কৱে এক কথা মনে কৱতেন যে দেশেৰ ভূমিহীন কুৰকেৰ হাতে জমি দিয়ে তাদেৱ জমিৰ মালিক কৱা উচিত। যে চাৰ কৱে তাৰ হাতে চাৰেৰ জমি আন্তক। এমন কি সকল পক্ষেৰ আৰণীয় মহাজ্ঞা গাছী এই মত পোৱল কৱতেন। এই কথা মনে কৱা হচ্ছে ভূমিহীন কুৰি পাৰে, গৱীৰ কুৰক, তাৰ যে জোত মেই জোত তাৰ economic holding হৈবে। এবং চাৰ কৱে যে তাৰ হাতে চাৰেৰ জমি আসবে। এই মতকে social justice হিসাবে ভূমি বন্ধনেৰ ক্ষেত্ৰেও বিচাৰ কৱা উচিত। কিন্তু মে দিক থেকে পশ্চাদপসূৰণ কৱা হয়েছে। ১৯৫৩ থেকে '৬১ মাল পৰ্যন্ত এই land acquisition বা ভূমি সংস্থাৰেৰ ক্ষেত্ৰে যত আইন এবং বড় জোতেৰ মালিক তাদেৱ position consolidated হয়েছে। গ্ৰামাঙ্গলে ছোট কুৰকদেৱ জমিকে ভিত্তি কৱে, ছোট কুৰকেৰ জমিকে economic holding-এ পৰিণত কৱে, সুতন ভাৱে কুৰি সমবাৰ স্থাপন কৱে—মে কথা কংগ্ৰেস থেকেও দোষণা কৱা হয়েছিল—সমাজতন্ত্ৰেৰ দিকে লক্ষ্য রেখে অন্ত কিছু কৱা উচিত ছিল, transfer বৰ্ক কৱা উচিত ছিল। জমি যে চাৰ কৱে তাৰকেই তাৰ মালিকানা দেওয়া উচিত ছিল। তা না কৱে বড় জোতেৰ মালিকদেৱ হাতে যে ভাৱে জমি ঢুলে

ଦେଉଥା ହଜେ ଏବଂ ସଧ୍ୟମରତୋଗୀର ହାତେ କ୍ଷତିପୂରଣେର ମଧ୍ୟ ଦିଯେ liquid cash ଦେବାର ଚେଷ୍ଟା ହଜେ ଏଇ ବିକଳେ ଏହି Houseର ଏହିକେର ଶନ୍ତିମେର ଏବଂ ସେ ସମ୍ପତ୍ତ କଂଗ୍ରେସ ବକ୍ତରା ଅଣ୍ଟିଆ ଦିଲେ ମନେ କରିବାର ହାତେ ଜମି ଦିଲେ ହେବେ ତାଦେର ସନ୍ଦି ଏହି ବିଲେ ଏବଂ ମଧ୍ୟ ସେ ପ୍ରତିକ୍ରିୟାବଳୀ ଦିକ୍ ଆହେ ତାର ବିକଳେ ସଂଗ୍ରାମ କରା ଦୂରକାର । ଆମି ଜାନି କଂଗ୍ରେସର ମଧ୍ୟ ବହକାଳ ଥରେ ଏକଟି ସଂଗ୍ରାମ ଚଲିଛେ, କଂଗ୍ରେସର ସେ ଐତିହ୍ୟ ତାକେ ଥିଲୁଣ କରେ ପ୍ରତିକ୍ରିୟାବଳୀ ପଥେ ତାର ତାଦେର ନୀତି ଚାଲିଯେ ଥାଇଲେ । କିଛିଦିନ ଆଗେ ଆଇନ ସନ୍ତୋଷ ଏକଟା nonofficial resolution ଏମେହିଲ, ତାତେ ଶୁଭ ପାଟ ଚାହିୟେ ଆୟ ଦାମ ଦେଖେ ଦେଇୟା ହୟ ପାଟେର ବାଜାରେ ସେ speculator ଆହେ ବାଦେର ହାତେ ଏକଚେଟିଆ ବାଜାର ହୟେ ଆହେ ତା ବକ୍ କରା, ମେ ଦିକ୍ ଥେବେ ବୁଦ୍ଧ ମହିମାଶୟ ଯା ବଳିଲେ ତାତେ ଏହି ଜିନିଷଇ ପ୍ରତିକଳିତ ହଜେ । ଏବଂ ଏହି ବିଲେର ମଧ୍ୟ, ବିଶେଷ କରେ ଦେଖିଲେ ପାଞ୍ଚ ବିଦୋଧୀ ପକ୍ଷେର ସେବେ ସେବନ ସଂଶୋଧନୀ ଆନା ହେଲିଛି ତା ସେଭାବେ reject କରା ହୁଲ ତାତେ ଏହି ମନୋଭାବରେ ଫୁଟେ ଉଠିଛେ । ଶ୍ରୀକାର ମହାଶୟ, ଆପନାର ମାରଫତ ଆମି ଏହି Houseର ହେଲି ଦିକ୍ ମନ୍ତ୍ରମେତ୍ର ଆବେଦନ ଜାନାଛି ସେ ଏଥନ୍ତି ସମ୍ମ ଆହେ, ଡ୍ରିମ ସଂଦାର ଏମନ ଭାବେ କରା ହୋକ, ସାତେ କୃଷକଦେଇ ହାତେ ଅଧି ଦେବାର ବ୍ୟବସ୍ଥା କରା ଯାଏ । ବଡ଼ ଜୋତେର ମାଲିକକେ ଭିନ୍ତି କରେ ମୁଖ୍ୟନ ଗଡ଼ ତୁଳବାର ସେ ସ୍ଵପ୍ନ ତୋଣ ଦେଖିଲେ ପ୍ରାମାଙ୍କଲେ capital invest କରେ ମେଟୋ ଏକଟା ଅଣୀକ ଦ୍ୱାରା ମାତ୍ର । ଏଥାମେ ହେଟ୍ କୃଷକଦେଇ ଜୋତକେ economic holding କରେ ସମବାୟେର ମାରଫତ ତା ଗଡ଼ ତୁଳାତେ ହେବେ । ଆଜକେ ମହିମାଶୟ ଏହି ଭୂମି ସଂଦାର ବିଲେର ମାଧ୍ୟମେ ସେ ସମ୍ପତ୍ତ ସଂଶୋଧନୀ ଏମେହେ ତାକେ ଭିନ୍ତି କରେ, ତାର ସନ୍ଦିଜ୍ଞା ଥାକେ ତାହେ ଆମି ତାକେ ଆବାନ କରିବେ ତିନି ସେମ ଏହି ପ୍ରତିକ୍ରିୟାବଳୀ ପଥ ସେବେ ଫିରେ ଏମେ ଏହି ବିଲକେ ଆବାର ଟେଲେ ମାଜାନ । ଆପନାର ଏଟା ବକ୍ କରନ ଏବଂ ସେଥାମେ ଗର୍ବୀର ଚାହିୟେ interest ଏ ବାଦା ପାଇଁ ତା ବନ୍ଦ କରନ ଏବଂ ପ୍ରାମାଙ୍କଲେ ବଡ଼ ଜୋତେର ମାଲିକକେ ଭିନ୍ତି କରେ କୃଷିର ଉପରି କରିବାର ସେ ଏକଟା ଅଣୀକ ସମ୍ପଦ ଦେଖିଲେ ମେଟୋ ଆପନି ବକ୍ କରନ କାରଣ ତାର ଦ୍ୱାରା କୋନ ଭୂମି ହେଲିଥାଏ ।

[4-40 - 4-50 p.m.]

Shri Bhupal Chandra Panda : ମାନନ୍ୟ ଶ୍ରୀକାର ମହାଶୟ, ସେ ବିଲ ମହି ମହାଶୟ ଏମେହେ ଏବଂ ମେହି ବିଲକେ ସେଭାବେ ତିନି ସଂଶୋଧନ କରିଲେନ ତାର ମଧ୍ୟ ଦିଯେ Estates Acquisition Act ଏ ସେହିକେ ସଂ୍ପୂର୍ଣ୍ଣଭାବେ ତାର ଚଲେ ଗିଯେଛିଲେ, ଚାଲାଓ ଜଧି ରାଖାର ପକ୍ଷେ ସଂଶୋଧନୀ ପ୍ରତାବେ ତା' ଥାନିକଟା ମଙ୍କୁଚିତ କରିଲେ । କିନ୍ତୁ ଏହି Estates Acquisition Act ଏ ସେମପତ୍ତ ଧାରାକେ ସଂଶୋଧନ କରିବାର ଜନ୍ମ ଆଜକେ ଏହି ନେଟୁନ amending bill ଆନା ହେଲେ ହେବେ ସମ୍ପତ୍ତ କଂଶେ ଅଣେ ଏକଟା ଦୁଃଖିତଙ୍ଗୀ ପ୍ଲାଟ ହେଲେ ଉଠିଲେ କୋନ କାନ୍ଦାୟ ଯାରା ବେଶୀ ଭମି ରେଖିଲେ ବୀ ରାଖାର ଚେଷ୍ଟା କରିଲେ ତାଦେର ମୁଖ୍ୟ ବିଲେ ହେବେ ଏବଂ ଏହି ପାଞ୍ଚ ମାରଫତ ଆବେଦନ ଏବଂ ଆବେଦନ ଏବଂ ଆବେଦନ ଏବଂ ଆବେଦନ ଅନୁଯାୟୀ ମରକାରିକ ସଂଶୋଧନ କରିଲେ ସାଧ୍ୟ ଧାରାକେ ସେହିକେ ସମ୍ମ ପୁନିଟା ନା କରି ତାର କରିଲେ ମରକାରୀ କର୍ମଚାରୀ Renewal Officer ତାର ମନୋମତ ସଂଶୋଧନ । ଏଇ ଅର୍ଥ ପ୍ଲାଟ ସାଧ୍ୟ ପରିଚାର କରିଲେ ପାରିବେ, ମାଲା କରିଲେ ପାରିବେ କେବଳ ତାରାଇ ତାର ମୁଖ୍ୟ ପାରିବେ, କିନ୍ତୁ ମେମପତ୍ତ ଗର୍ବୀର ମାର୍ଗ କରିଲେ ପାରିବେ ନା ତାରା ବିଶେଷ-କିଛି ହୁବିଥା କରିଲେ ପାରିବେ ନା ।

তাৰ প্ৰমাণ বেটা Estates Acquisition Act ৪(ক) ধাৰায় গ্ৰাচলিত হয়েছিল এবং সেটা সংশোধন কৰা হল নৱ মাস পৰি বেটা সাধাৰণ মাহীয় application কৰলৈ তাৰ পুনৰ্বচাৰেৰ জন্য আসবে, সেই ৪(ক) ধাৰাটো কি অবস্থা হৰেছে তা' মহী মহাশয় জানিন। আজ অবধি ৪(ক) ধাৰাটো কোন বিচাৰ হৰ না। যেসমত দৰখাস্ত পড়েছিল প্ৰত্যোক Settlement Office-এ সেউলি গাদা কৰে বাখা হৰেছে। বাৰা interested সেই বেজমিহাৰা ভাগচাৰী তাৰা জীৱতে চেয়েছিল সেই জৰিয়ে প্ৰকৃত মালিক কে—বা' প্ৰকৃত মালিক গোপন কৰে বাখাৎ সেটা ৪(ক) ধাৰা দিয়ে বেৰিষ্যে আসবাৰ সম্ভাৱনা ছিল সেটা আজকে বৰ্দ্ধ হয়ে গিবেছে। এখানে record of rights maintain কৰবাৰ জন্য বেছ বছৰেৰ কথা উঠেছে সেখানে দেখা যাবে এৰ সুযোগ নিতে পাৰবেন তাৰা যাৰা মামলা কৰতে পাৰবেন—যাদেৰ টাকা আছে, তাৰা হল বড় বড় জোতদাৰ।

এই বে সংশোধনী আৰা হৰেছে এই সংশোধনীৰ মাদা বৃহৎ মালিকেৰা যাতে কৰে আৱে সুযোগ সুবিধা পান তাৰই বাস্তা খুলে দেওয়া হচ্ছে। ছোট মধ্যস্থৰাধিকাৰীদেৰই সুযোগ-সুবিধা দেবাৰ কথা ছিল, কিন্তু এখন আমৰা দেখছি যে নাৰাবকম পৰ্যাবৃলভম কৰে সেই বাবস্থা প্ৰতিৰোধ কৰাৰ Cষ্ট হচ্ছে। মাননীয় স্পীকাৰ মহাশয়, মহী মহাশয় আজকে বেভাবে সংশোধনী এনেছিল এবং যেসব পৰিবৰ্তন কৰতে যাচ্ছেন তাৰ ভিতৰ দিয়ে Estates Acquisition Act আৱে প্ৰতিক্ৰিয়া দিকৈই যাচ্ছে। মাননীয় পাঞ্চগোপাল ভাইয়েঁ মহাশয় যেকথা বলেন—আমি তাৰ সংগে একমত যে, বাস্তবিক এই সংশোধনীৰ উদ্দেশ্য সম্পূৰ্ণ প্ৰতিক্ৰিয়াপূৰ্ণ। তাই যেসমত ধাৰা ও সংশোধনী এই বিলে এসেছে সেউলি যাতে প্ৰকৃতই প্ৰতিক্ৰিয়াশৰ্মল হতে পাৰে তাৰ জন্য সবিশেষ দৃষ্টি বাখাৰ জন্য আমি Revenue Ministerকে অনুৰোধ কৰিব।

[4-50-5 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বিভীষণ সংশোধনী বিধিকে ভূতীয় পৰ্যায়েৰ আলোচনায় মাননীয় সদস্যুৱা যা' বললেন আমি থুব মনোযোগ সহকাৰে সুলাম, কিন্তু একটু দুঃখেৰ সংগে বলছি যে, প্ৰধান প্ৰণালি বিবৃত্যুলি বেহলি অক্ষমত সহজ এবং সহজেই বোধগম্য—তেমন কথা ডিলিভাৰ একটু বিকৃত কৰে প্ৰকাশ কৰবাৰ চেষ্টা কৰেছিলেন—যেন, মাৰ্কেটীয় সমস্ত সৰোজ বাব এবং ডুপাল পাঞ্চা মহাশয় বাবেন, জৰুৰদৰখল কলোনীৰ মালিকেৰা বড় বড় লোক, পঞ্চাওয়ালা লোক, ধনী লোক, তাৰেৰ এক জমি দেওৰা ঠিক নয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটা হিমাল দিলেছিলাম, সেই হিসাবটা যদি তাৰা অনুগ্ৰহ কৰে একটু ভালো কৰে দেখতেন তাৰে দেখতে পাৰেন আবাদেৰ অধিকাৰ (Acquisition land) এৰ ঘোট পৰিমাণ ৭ হাচাৰৰ ৮২ একৰ এবং এই মালিকেৰ সংখ্যা ১৭ হাচাৰৰ ৮২৯ জন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এৰ বাবাই দৃঢ়া যাৰ, মালিকদেৰ মাথাপিছু মোট জমিৰ পৰিমাণ কৃত। এখানে একধা উঠতে পাৰে যে, জমিৰ পৰিমাণ কম হলেও এমন লোক ধৰাৰে পাৰে যাদেৰ জমিৰ পৰিমাণ বৰ্ণা, যাদেৰ সৱকাৰেৰ জমি বৰ্তাৰ দিবে বৰ্ণা জমি ছিল। মেসণ জমি উৎসুকৰা জৰুৰদৰখল কৰে বলে আছে। মে-মল্পকে আমি হিসাব নিয়ে দেখেছি—কলিকাতা কল্পোৱেশনেৰ বহিৰ্ভূত যেসব জায়গা জৰুৰদৰখল কলোনীৰ হিসাব পাওয়া যাৰ—তাতে ১৬৭৬ জন এমন মালিক আছেৰ যাদেৰ জমিৰ পৰিমাণ ২ একৰৰ বা তাৰ চেয়েও কম এবং ঘোট ১৬ জন এমন আছেৰ যাদেৰ জমিৰ পৰিমাণ ২ একৰৰ বৰ্ণ। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জিজ্ঞাসা কৰি, মাননীয় সদস্যদেৰ এই হিসাব থেকে একধা কি হনে হয় বৈ, যাৰা এই জৰুৰদৰখলকৰা জমিৰ মালিক বা অধিকৃত জমিৰ মালিক তাৰ।

বড়লোক, পয়সাঁওশা জোতদার ? একধা আগেই বলা হয়েছে, সেটা হচ্ছে, বাস্তুহারাদে
পুনর্বাসনের ব্যবস্থা হবে। এই কথাটা আবার আজকেও বলা হল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই
অভ্যন্তর স্মৃতি—আইনের কথা বে, কোন উন্নাস্তকে জোর করে evict উচ্চেদ করা চলবে না। কো
উন্নাস্তকে অবরুদ্ধস্থলকরা জমি থেকে উচ্চেদ করতে গেল একটা উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ দ্বরকার
এবং উপযুক্ত কর্তৃপক্ষ এই উচ্চেদের আদেশ তখনই দেবেন যখন উপযুক্ত বিকল্প বাসস্থানের ব্যবস্থা
করা সম্ভব, তার আগে হবে না। মাননীয় সদস্যরা বেন এবিষয়ে আশংকা পোষণ না করেন
উন্নাস্তরা পুনর্বাসনের ব্যবস্থা থেকে উচ্চেদ হচ্ছে যাচ্ছে। ক্ষতিপূরণ সম্পর্কে অনেকগুলি কথা বল
হয়েছে—সেমস্পর্কে আমি পুনরায় সদস্যদের কাছে এই হিসাব উপস্থিত করি—আমি বলছি, আগস্ট
মাসে, ১৫ই আগস্ট পর্যন্ত সাধারণভাবে ক্ষতিপূরণ বাবদ আমরা মোট ৫ কোটি ১৯ লক্ষ ৬২ হাজার
১৪৬ টাকা। এবং বিশেষ ক্ষতিপূরণ বাবদ ২ কোটি ৩১ লক্ষ ৬৯ হাজার ২৩২ টাকা। এবং annuity
বাবদ ১৪ লক্ষ ১৭ হাজার ১০০৪ টাকা দিয়েছি। এখন আমি মাননীয় সদস্যদের একধা বলতে পারি যে
যারা এই টাকা পেয়েছেন তারা বড়লোক নন, বরং উচ্চে। ধনীলোকের সংখ্যা অন্তর্ভুক্ত। ছাঁচ
যারা পেয়েছেন তাদের সংখ্যা হল ১ লক্ষ ২০ হাজারের বেশী। এর থেকেই বোঝা যাবে, ক্ষতিপূরণ
যা দেওয়া হয়েছে, অঙ্গুলীয় ক্ষতিপূরণ, বিশেষ ক্ষতিপূরণ, annuity বাবদ ক্ষতিপূরণ—তার বেশীর
ভাগই সাধারণ নিরয়মধ্যবিত্ত, অর্থধ্যবিত্ত লোকদেরই দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়,
আমি আরেকটা হিসাব দিতে পারি—সেটা হচ্ছে, এই বছরের আগস্ট মাসের শেষ পর্যন্ত ক্ষতিপূরণ
নির্ধারণ তালিকা প্রকাশিত হয়েছে ১৭ হাজার জনের—অর্থাৎ, আমি বলতে চাই, মাসের পর মাস
ক্ষতিপূরণ নির্ধারণ তালিকাভুক্ত মধ্যস্থভোগাদের সংখ্যা বেড়ে যাচ্ছে এবং আশা করি আগস্ট
ডিসেম্বর মাসের মধ্যে ৫ লক্ষের বেশী মধ্যস্থভোগাদের ক্ষতিপূরণ নির্ধারণ তালিকা প্রকাশিত করতে
পারব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, একধা বাবের আমাদের কাছে বলা হয় যে আমরা বড় বড়
লোকদের ক্ষতিপূরণ দেবার জন্য বেশী বাড়। আমি দেখিয়েছি যাদের ক্ষতিপূরণ দেওয়া হয়েছে
তাদের আয় বেশীর ভাগ ক্ষেত্রেই খুব কম ছিল, এবং আমাদের মে আইন আছে সেই আইনে একধা
আছে যাদের ১৫০ টাকা মোট আয় ছিল তারা ৫ হাজার টাকা ক্ষতিপূরণ পাবে এবং নগদেই ট্রে
পাবে, যাদের ১০০ বার্ষিক আয় ছিল তারা ১০ হাজার টাকা মৌট ক্ষতিপূরণ—এর মধ্যে নগদ ৭॥
হাজার টাকা, বাকী bonded পাবেন। উপরতালার লোক, ১ লক্ষ মৌট আয় যাদের এমন মালিকদের
বেলায় ক্ষতিপূরণ দেবার কথা মাত্র মোট ৪ লক্ষ এবং তা'ও এক লক্ষ নগদ প বেন বাকী ২০ বৎসরের
যেয়াদে বেগে পাবেন। এর ধারা আমি শুধু এই কথাই নিবেদন করতে চাই মাননীয় সদস্যদের কাছে
যে, এই যে তারা অভিযোগ করেন আমাদের বিরক্তে আমরা বড় বড় লোকদেরই ক্ষতিপূরণ দেবার
জন্য ব্যাপ্তি, সেটা সম্পূর্ণ অমূলক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খতিয়ানগুলি ছাপিয়ে প্রকাশ এবাবার জন্য বিশেষ দাবী করা হয়েছে।
আমি এসবকে পুনরায় এই কথা বলছি বে, আমাদের জিমিদারী দখল আইনে ৪৭ ধারা মতে এই
খতিয়ানগুলি সংশোধনের প্রযোজন আছে। এটার আইনগত একটা ব্যবস্থা দ্বরকার আছে। ৪৭
ধারা এমন একটা জিনিষ যেটা না করলে খতিয়ানগুলি স্মৃতিপূরণ হবে না। কাজেই এখানে খতিয়ান-
গুলি ছাপিয়ে প্রকাশ করবার যে দাবী সেটা বেধিহয় না করলে চলে। এছাড়া বলি এখন আবরা
খতিয়ানগুলি ছাপিয়ে প্রকাশ করতে যাই তাহলে যে খরচ হবে সেটা অনেক বেশী। আমাদের
গভর্নরেষ্টের মুস্তাফ্রের ধারা যদি প্রকাশ করতে যাই তাহলে খরচ হবে ৪ কোটি ২৪ লক্ষ, আর সময়
লাগবে ৫ বছর; যদি কম খরচে করতে যাই তাহলে সময় লাগবে ১০ বছর এবং খরচ হবে ৩ কোটি
৭৯ লক্ষ টাকা। মাননীয় সদস্যরা নিশ্চয় একধা বলবেন না যে এক টাকা সাধারণ জাতীয় খেকে খরচ

করা হোক। এছাড়া আর একটা কথা হচ্ছে যে ১০ বছরের মধ্যে ছাপিয়ে বের করা থাবে কি না সেটা নির্ভর করবে আর একটা জিনিষের উপর। সেটা হচ্ছে যে আমাদের ২৫০টা নৃতন মুদ্রাখন আমদানী করতে হবে—এটাই বেগল গভর্নরেশ্টের প্রেসের রিপোর্ট। আমরা বিশেষভাবে আগ্রহাবিত হয়ে বাহিরে ছাপাবার চেষ্টা করি এবং বেসরকারী মুদ্রাখনের মালিকদের কাছে খোজ করতে যাই তখন তারা অস্তুত অস্তুত হিসাব দিয়েছিলেন—অথবা একজন চাইলেন ১১ কোটি টাকা আর একজন চাইলেন ১৭ কোটি টাকা। আমি আশা করি যে সরকারকে এত কোটি টাকা সম্মেহসূচক কারণে খরচ করতে বলবেন না। আর একটা কথা অনেকে বলেছেন যে জমিদারী স্থলে আইন প্রয়োগের ফলে তামাদী আইনের ১৪৯ ধারা অনুসারে তামাদীর সময় ৬০ বৎসর হইলে খুব ক্ষতি হবে। আমি আবার বলব যে ক্ষতি হবে না বরং সুবিধা হবে; সরকারী পাওয়া বেধানে আমদায় করা কর্তব্য, সেখানে নিশ্চয় আগন্তুর বলবেন যে সেটা যেন আমদায় হয়ে পড়ে না থাকে। আমি আগন্তুর সবিলয়ে স্বরূপ করিয়ে দিচ্ছি যে ১৩৬৬ সালে বখন বজ্ঞা হল, বেলা চেষ্টা করতে হয়নি, সরকার তখন নিজেই স্বতঃপ্রসূত হয়ে করেকে হাজার মৌজার খাজনা স্বীক করেছিলেন। প্রজারা বেধানে দুর্দশাগ্রস্ত—সে প্রাকৃতিক দুর্দেশ বশতঃ হোক যা অংশ বৈতাকিক দুর্ভাগ্যবশতঃ হোক সেখানে নিশ্চয় খাজনা হাসের মতন কর্তব্যপালন করতে সরকার কৃতিত্ব হবেন না। তৃষ্ণামুদ্রের তৃষ্ণি দেবার ব্যবস্থা আমরা কিছু করতে পারিনি এই যে কথাটা বলা হয় সেটা ঠিক নয়। আমরা যতটা দেব বলেছিলাম, ততটা করতে পারিনি সেটা ঠিক। কিন্তু এপ্যন্ত আমরা যে জমি স্থল নিহেছি ১০ ধারার ২ উপধারা অঙ্গুলে, তার পরিমাণ হচ্ছে—কুরিজিমি ২ লক্ষ ১১ হাজার ৭৬৭। অক্ষয়জিমি ১ লক্ষ ৬২ হাজার ৯৩১, বনকুরিমি ৮ লক্ষ ১৫ হাজার ৩১৬। এটা যে আশান্তুর নয় এটা আমি স্বীকার করি। এটাকে আমরা ঢুঢ়াও দিয়াব বলে বলি না, কাগল কোন জায়গায় কমবে বা বাড়বে সেটাই আমরা আশা করি। আমরা এইসব জমি যারা বর্গাদায় তাদেরই দিই অর্থাৎ থাক।

[5 - 5-20 p.m.]

এ জমিটা যারা চায করছে, যারা বর্গাদায়, যারা প্রাঙ্গত কুষক—তাদেরই দিই এবং তাদের দিই কিভাবে সেটা হল আঁগকাৰ যে জমিদার তাদের ব্যত্যানি দিয়ে তত্ত্বানি নয়, এখন দেওয়া হয় প্রাপ্ত ক্ষেত্র হিসাবে। অলপাটিশুড়ি বাদে অস্তান্ত জেলায় ১০ টাকা করে ফি মেওয়া হয়। সমস্ত জিনিষটা বখন হবে তখন প্রকৃত চিত্ৰ বৃত্ততে পারবেন, তখন আৱে ভালভাবে ব্যবস্থা হচ্ছে পারবে। আমি একথা বলে মাননীয় সদস্যদের অস্তুরোধ করি যে, তৃষ্ণীয় পর্যায়ের আলোচনাৰ পৰ এই বিধেয়ে গৃহীত হোক।

The Hon'ble Syamadas Bhattacharyya : I beg to move that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1961, as settled in the Assembly be passed.

The Motion was put and agreed to.

Mr. Speaker : The House stands adjourned for 15 minutes. After the recess I shall take up the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1961, and thereafter the Calcutta Improvement (Amendment) Bill, 1961.

[After adjournment]

[5-20—5-30 p.m.]

**The West Bengal Standards of Weights and Measures
(Enforcement) (Amendment) Bill, 1961**

The Hon'ble Bhupati Majumdar : I beg to introduce the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1961.

(Secretary then read out the title of the Bill)

The Hon'ble Bhupati Majumdar : I move that the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1961, be taken into consideration.

Shri Bankim Mukherjee : মাননীয় স্পৌত্কার মহোদয়, আমি আশা করেছিলাম যে মাননীয় মন্ত্রীমহাশয় কিছুটা এ সমস্তে আমাদের অঙ্গতঃ জানিয়ে রাখবেন যদিও আইনটা খুব ছেট্ট। এখন হচ্ছে কি ? Bullion and gold, Precision working model আলাদা করার Provision আইনে ছিল। সেটা এখন পাকছে না। জিনিষটা বুঝতে পারছি না, কেনই বা ছিল, কেনই বা ধাকছে না। ধূধচ এটা নিশ্চয়ই সত্য যে কথলার বাটখারা দিয়ে সোনা ওজন করা যায় না। কাজেই Precision model ধাকা উচিত এবং সেখানে এটা হবে, point Miligram ইত্যাদি যেভাবে পাকা উচিত। এখন accurate measurement করতে গেলে তার দাম বেশো হয়, কাজেই সাধারণ বাজারের ওজনে যা দরকার তাদের এত দাম দিয়ে বাটখারা বাঁধার প্রয়োজন কি ? Precious stones, Bullions ইত্যাদির ক্ষেত্রে দামী বাটখারা করতে হবে। কেন সেটা দরকার হল না—বুঝতে পার্চি না।

বিশীয়ত : আইনে কোথাও ছিল না হচ্চি model করতে হবে। হচ্চি model-এর Provision দিয়েছিলেন, এখন কি Provision এরও দরকার নাই ?

অর্থাৎ একটা আকুরেট মডেল করবার প্রয়োজন পাকছে না। কিন্তু এটা আমি বুঝতে পারছি না কাজেই মন্ত্রীমহাশয় আমাকে বুঝিয়ে দেবেন। অঙ্গে আমি জানি যে এটা সেটাল গভর্নমেন্টের ব্যাপার এবং আমরা শুধু ফলো করছি, কিন্তু আমার কথা হোল যে ফলো করলেও আমরা ডিটো দিচ্ছি না। যা হোক, আমরা এটা কেন জানতে পারছি না সেটাই আমার বক্তব্য।

The Hon'ble Bhupati Majumdar : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে বখন এটা চালু করা হয় তখন ওয়ার্কিং মডেল এবং প্রেশাল মডেল বলে ২টা সেট করা হয়েছিল এবং ইলপেন্টেরদের কাছে তখন ২টা সেটই পাঠাবার দরকার ছিল। কিন্তু এখন মিন্ট থেকে যে নৃতন ব্যবস্থা হয়েছে তাকে স্থূল থেকে অতি স্থূল পর্যন্ত সমস্ত মাপগুলো দেওয়া হয়েছে এবং তার সঙ্গে মিলের দেখলে বুলিয়ন পাওয়া যাবে—সমস্তরকম ছেটকুলো পাওয়া যাবে এবং তার ১ সেট করে ইলপেন্টেরদের কাছে আছে। কাজেই এখন আমি আগেকার মত ২ সেট করে না থেকে ইলপেন্টেরদের কাছে ১ সেট করে ধাকবে এবং তাহেই স্থূল থেকে অতি স্থূল পর্যন্ত সকল প্রকার মাপের বক্রোষ্ট আছে। এই ব্যবস্থা মিন্ট থেকে করা হয়েছে।

The motion of the Hon'ble Bhupati Majumdar that the West Bengal Standards of Weights and Measurements (Enforcement) (Amendment) Bill, 1961, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bhupati Majumdar : Sir, I beg to move that the West Bengal Standards of Weights and Measurements (Enforcement) Amendment Bill, 1961, as settled in the Assembly be passed.

Shri Mihirlal Chatterjee : মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের ধার্ড রিডিং-এর পর্যায়ে বলতে চাই যে, মূল বিল যখন ১৯৫৮ সালে আমেরিকান সামনে এসেছিল তখন আমরা ভেবেছিলাম যে, ট্যাওডার্স অব ওয়েটস্ এণ্ড মেজাৰমেটস্ বাংলাদেশ সমন্ত কাজের জন্য একে একে চালু হবে। অবশ্য ট্যাওডার্স অব ওয়েটস্ এণ্ড মেজাৰমেটস্ বিল পাশ হওয়াৰ পৰ ইতিমধ্যেই অনেকক্ষেত্ৰে মেট্ৰিক জুন হয়েছে কিন্তু তাৰ পাশাপাশি সেই প্ৰাণ ওয়েটস্ এণ্ড মেজাৰ্স চালু ধাকাৰ ফলে সন্তু সাধাৰণেৰ মনে একটা কন্ট্ৰুল সফট হয়েছে। সাধাৰণ চাৰীৰা যখন আৰুদাৰ বা মিলওয়ালাৰ কাছে তাৰেৰ ধানচাল বিক্ৰী কৰতে যায় তখন তাৰা সেই প্ৰাণ ওজনে ধানচাল বা জিনিসপত্ৰ কিনছেন। ধানচাল কেনাৰ ক্ষেত্ৰে মৃত্তন মেট্ৰিক জুন চালু হওয়াৰ কথা। কিন্তু এতদিন পয়সন্ত সেটা চালু কৰা হৰিনি। আৰ্মি বলতেও চাই যে, ট্যাওডার্স অব ওয়েটস্ এণ্ড মেজাৰমেটস্ একে কতভুলো শাশ্বতিৰ ব্যবস্থা আছে এবং তাৰ মধ্যে একটা হোল যে, যদি কোন মালুম বিৰিষ্ট জুনৰে চেয়ে কম জিনিস দেষ তাখলে তাৰ আইন অনুযায়ী শাস্তি হবে। ওৱিজন্যাল বিলে এই কথা ছিল। সেই বিল বিধানসভায় সংশোধন কৰা হয় এবং সেই সময় আমি যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম সেটা মুক্ত হয়েছিল। আমাৰ সংশোধন প্ৰতাৰ ছিল যে, ট্যাওডার্স ওয়েটেৰ চেয়ে কম দিলে যেমন শাস্তি হবে তিক তেমনি ট্যাওডার্স ওয়েটেৰ চেয়ে বেশী সৰ্দি কেউ নেয় তাহলে তাৰও শাস্তি হবে।

মাননীয় মন্ত্ৰীমহাশয় অনেক বিদেচনাৰ পৰ আমাৰ এ্যামেণ্ডমেণ্ট প্ৰাণ কৰেছিলেন অৰ্থাৎ ওজনেৰ অতিৰিক্ত বৰ্দ্ধি কোন মাল বিক্ৰীকাৰ কাৰ্য পেকে লওয়া হয় তাহলে সেটা পেনালটি ক্ৰজেৰ মধ্যে গণ্য কৰা হবে। তাৰ, তাৰপৰ মূল বিলেৰ যখন আলোচনা হচ্ছিল তখন মন্ত্ৰীমহাশয় হাউসে আমাৰেৰ আৰ্থাৎ দিয়েছিলেন যে এই ওভাৰ-ওয়েট বেওয়াৰ বেৰওয়াৰ আমাৰেৰ দেশে আছে তা বক কৰিবাৰ জন্য তিনি বধাসাধ্য চেষ্টা কৰিবেন এবং তাৰজন্য তিনি বগেছিলেন যে একটা কমিটি বসান হবে এবং তিনি হাউসেৰ সামনে বলেছিলেন যে সেই কমিটিৰ মধ্যে মিহিৰবানুকে নেওয়া হবে। তাৰপৰ, তিনি একটা কমিটি ডাকেন এবং সেই কমিটিৰ একটা যাত্ৰা অধিবেশন হয়। আৰ্মি সেই কমিটিৰ মেঘাৰ ছিলাম। কিন্তু একটা অধিবেশনেৰ পৰ বিতীয় আৰ কোন অধিবেশন হয়নি। ওভাৰ-ওয়েট বেওয়াৰ বেৰওয়াৰ আমাৰেৰ দেশে যিলময়হৈ ও আড়তে চালু আছে—কি পাটেৰ ব্যাপারে, বি-১০০০০০০০ পাটেৰ চাপোৱাৰ কলানোৰ মেলিন ক্লিঙ্কোৰ্থৰ মেলিন বগতিলৈন আৰেৰ ব্যাপারে, বিবিজ্ঞেন

ব্যাপারে, সেই উভার-ওয়েট লওয়াটা Standards of Weights and Measures Act অনুসারে অপরাধজনক কাজ এই অপরাধের জন্য শাস্তির ব্যবস্থা আছে। কিন্তু তা সত্ত্বেও মানবীয় মষ্টীমহাশয় এ পর্যন্ত over-weight লওয়া বক্ষের জন্য কোন কিছু করেন নি। উভার-ওয়েট লওয়াটা দে বেওয়াজ আছে তা বল করবার জন্য তিনি হাউসের সামনে বে প্রতিক্রিতি দিয়েছিলেন সেই প্রতিক্রিতি তিনি আজ পর্যন্ত পালন করেন নি—বোধহয় তিনি জিনিষটা সম্পূর্ণ ভুলে গেছেন। আরি তাই বলতে চাই মানবীয় মষ্টীমহাশয় বে প্রতিক্রিতি দিয়েছিলেন এবং Standards of Weights and Measures Act-এর মধ্যে আমার বে একামেওয়েট তিনি প্রশংসন করেছিলেন, সেই একামেওয়েট কেন কার্যকরী করা হচ্ছে না ? আজ পর্যন্ত বাংলাদেশের মাঝুর বে কোন জিনিব বিক্রী করতে গেলে —চার্যা বদি ধান বিক্রী করতে যায়, পাট বিক্রী করতে যায়, আখ বিক্রী করতে যায়, উভার-ওয়েট অর্থাৎ চলতা তাকে দিতে হয় এবং আড়তদার ও খিলখনারা extra weight বে। আইন অনুসারে সেটা দণ্ডনীয় এবং Standards of Weights and Measures Act দেখিল থেকে চালু করেছেন সেদিন থেকে দণ্ডনীয় অপরাধ বলে গণ্য হয়েছে। কিন্তু দণ্ডনীয় অপরাধ বলে গণ্য হওয়া সত্ত্বেও মষ্টীমহাশয় এবং ঠার ডিপার্টমেন্ট এই বে-আইনী কাজের প্রতিকার করবার চেষ্টা করেন নি—কোন বিল আনেন নি, কোন সন্দেশক করেন নি এবং কোনরকম শাস্তির ব্যবস্থা এ পর্যন্ত করেন নি। আমি মানবীয় মষ্টীমহাশয়কে অনুগোদ করি Standard of Weights and Measures Act অনুযায়ী বে শাস্তির প্রতিক্রিতি তিনি দিয়েছিলেন এবং বে শাস্তির ব্যবস্থা ঠার বিলে আছে সেই জিনিষটা তিনি অবিলম্বে কার্যকরী করুন। তা না হলে সারা বাংলাদেশে মিল-ওয়ারা এবং আড়তদার এক ঘণ্টের জায়গায় ৪২।১৩ সের ধান, পাট, আখ নিতেই ধার বে। স্বতরাং আমি অনুরোধ করব যে, নির্ধারিত ওজনের উপর মাদি উভার-ওয়েট বেওয়া হয় তাহলে সেটা আইন অনুসারে দণ্ডনীয়, আপনি সেই আইন অবিলম্বে কার্যকরী করুন।

The Hon'ble Bhupati Majumdar : মানবীয় অধ্যক্ষ মহাশয়, মিহিরবাবু বে কথা বলেছেন তাৰ উভার আমি এইটুকু বলতে চাই যে তাৰ স্বৰূপ ধাকা উচিত বে ১৯৬২ সাল পর্যন্ত মফস্বলে এটা optional আছে। ১৯৬২ সালেৰ এগিল থেকে দণ্ডনীয় নিশ্চয়ই হবে। ঐ সময় থেকে এটা চালু কৰা হবে, প্রতোক জায়গায় সমস্ত ওয়েট্‌স্পোছে যাবে, তখন চলতা বা কিছু নেওয়া যাবে সমস্ত দণ্ডনীয় হয়ে এবং লোকেৰ কাছে এই সমস্ত দণ্ড প্রযুক্ত হবে। আমাৰ মনে হয় এ সমস্তকে আৱ কিছু বলবাৰ নেই। এই বিলটা এখানে গৃহীত হোক।

The motion of the Hon'ble Bhupati Majumdar that the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1961, as settled in the Assembly be passed, was then put and agreed to.

THE CALCUTTA IMPROVEMENT (Amendment) BILL, 1961

[5-30—5-40 p.m.]

Shri Sowrindra Mohan Misra : I beg to introduce the Calcutta Improvement (Amendment) Bill, 1961.

(Secretary then read the title of the Bill.)

I move that the Calcutta Improvement (Amendment) Bill, 1961, be taken into consideration.

Shri Subodh Banerjee : On a point of order, Sir, আমি এই বিলের consideration বা মাননীয় মন্ত্রীমহাশয় move করতে চাজেন, তা আমি challenge করতে চাই।

শ্রীকার মহাশয়, আমরা এই বিলটির objects and reasonsএ দেখছি কি? অথবত দেখছি এতে বলা হয়েছে—

"Section 83 of the Calcutta Improvement Act, 1911, provides for the payment of a terminal tax by every passenger brought to or taken from Calcutta by railway or inland steam-vessel. Section 84 of the said Act provides for the levy of customs duties on jute exported by sea from the Port of Calcutta to any other port. Following the introduction of decimal coinage and metric measures of length and weight it is necessary to amend sections 83 and 84 of the Act in these respects.

আপনি জানেন যখন আমরা rupee, anna থেকে নয়। পয়সাব নিয়ে যাই, decimal coinage—অর্থাৎ আমাদের পুরাণ system থেকে decimal coinageএ নিয়ে যাই তখন correct বা একেবারে exact করা হয় না। যেমন পুরাণ ছ-পয়সা, মুক্তি তিন-পয়সার সঙ্গে exact নয়। যেমন ছয় আনা, ৩৭ নয়। পয়সা exact নয়, বা ৩০ মাইল মানে ৪৮ কিলো মিটার নয়। এইরকম একটা জিনিষ থেকে আর একটা জিনিষে নিয়ে যেতে গেলে, অর্থাৎ metric systemএ নিয়ে যেতে গেলে এরকম একটু variation হয়। এখন প্রশ্ন হচ্ছে এই vary করার exact মানে কি? Vary করার মানে হচ্ছে—changing the rate of tax এইটাও গিয়ে দাঢ়ায়।

এখন আমার point of order হচ্ছে এই হাউসের, State Legislatureএর এইরকম change করার অধিকার আছে কিনা? আমি আপনাকে আমাদের Constitutionএর Seventh scheduleএর first list, item 83 এবং item 89—এই দুটা একটু দেখতে বলি। Item 83তে বলা হচ্ছে—duties of customs including export duties. আর item 89তে বলছে—terminal tax on goods or passengers carried by railway sea or air taxes on railway fares and freights তাহলে কি দেখলাম, না, according to the Constitution, ভারতীয় সংবিধানের মতে এই দুটা জিনিষ, terminal tax & customs duty—এটা union listএর মধ্যে। অর্থাৎ এ সবক্ষে কোন আইন করতে গেলে, সেটা permanently হতে পারে।

আমরা যখন metric systemএ নিয়ে যেতে চাচ্ছি—taxএর rate change হয়ে যাচ্ছে। That is a very important point—যে এই tax change করা, rate change করা State Legislatureএর অধিকারে আছে কিনা? এখানে এই যে vary হচ্ছে এবং এর সঙ্গে সঙ্গে আপনাকে ঈ বে দুটা ধারা সংশোধন করা হচ্ছে সেই Calcutta Improvement Actএর—সেদিকে নজর দিতে বলি অর্থাৎ sub-section (7) of section 83 and sub-section (3) of section 84—সেখানে পরিষ্কারভাবে বলা আছে—

"After the commencement of the Constitution, a tax on passengers by railway shall only be leviable under this section if it was lawfully levied immediately before that date and shall only be leviable until provision to the contrary is made by Parliament"

এখানে sub-section (3) of section 84এ leviableর change হচ্ছে। তখন conversionএর rate change হল তা এই Houseএর করার অধিকার আছে। কিন্তু এখানে হচ্ছে

কি ? যেহেতু conversion করতে গিয়ে rate-এর change হয়ে থাকে সেহেতু এটা করা
অধিকার এই House-এর নেই, এটা definitely Parliament-এর। 7th schedule, list I-
যে item বদলাব হচ্ছে এটা Union Government করতে পারে State Government-এর
কর্তব্য কিছু নেই। Read with the corresponding sub-section of the relevant
sections of the Improvement Act. এই হল আমার বক্তব্য।

Shri Sowrindra Mohan Misra : স্মীকার মহোদয়, স্বোধবাবু যে pointটা ভুলেছেন
সেটা ঠিক নয়। এখানে আমাদের amendment-এ কোন rate-র পরিবর্তন করিনি। যেখানে
আধ নাম আছে সেটাকে ৬ নয় পয়সা করছি। 7th Schedule-এর কোন পরিবর্তন নয়নি।

Shri Subodh Banerjee : এখানে rate-টা কি হচ্ছে ? Conversion করতে গিয়ে
rate-র কি change হচ্ছে ? এবং আমি আপনাকে আবশ্য করিয়ে দিতে চাই আজকেও High
Court-এর একটা ruling আছে এর উপর।

Mr. Speaker : It is simply changing annas into decimal coinage.
Distances also are changed. **Prima facie** it seems to be in order. But
if this question comes up before the Court it is for the Court to decide.

Shri Subodh Banerjee : I am not concerned with the court.

Mr. Speaker : I have considered all your points. My observation is
that **prima facie** it appears to be in order. I have permitted the
consideration motion to be moved.

I am also reminded by my Secretary that there is the doctrine of pith
and substance and on occasions there might be some encroachment
incidentally on the powers of Central Government while doing this
business here.

Shri Sowrindra Mohan Misra : Sir, I beg to move that the Calcutta
Improvement (Amendment) Bill, 1961, be taken into consideration.

Mr. Speaker, Sir, এই বিল প্রথমে বেঙ্গল আলোচনা হয়ে গেল, তাতে দেখতে
পেয়েছেন যে এই বিল এখন কিছু পরিবর্তন করা হয়নি। শুধু যেখানে ‘আনা’ ছিল সেখানে
'নয় পয়সা' করা হয়েছে এবং যেখানে ‘মাইল’ ছিল সেখানে ‘Km’ করা হয়েছে। এখানে
শুধু নামের পরিবর্তন করা হয়েছে, rate-র কোন পরিবর্তন করা হয়নি। এটা একটা ছোট
amendment, এ নিয়ে বেশি বলা অযোজন নেই। আমি মনে করি এটা accept করতে কারো
বাধা হবে না।

The motion of Shri Sowrindra Mohan Misra that the Calcutta
Improvement (Amendment) Bill, 1961, be taken into consideration, was
then put and agreed to.

[5-40—5-52 p.m.]

The question that Clause 1 do stand part of the Bill was then put and
agreed to.

Clause 2

Shri Sowrindra Mohan Misra : Sir, I beg to move that in clause 2, before sub-clause (a), the following sub-clause be inserted, namely :—

"(a1) for the words 'five miles' the words 'eight kilometres' shall be substituted ;".

Mr. Speaker : Yes, Mr. Banerjee, do you want to say anything on this clause ?

Shri Subodh Banerjee : I beg to move that in clause 2, before sub-clause (a), the following new sub-clause be inserted, namely :—

"(a1) after the second paragraph the following shall be added, namely :—

'every passenger brought to or taken from the Air Port at Dum Dum by aeroplane' .

I also beg to move that in clause 2, in sub-clause (b)(i), line 3, for the word "forty-eight" the word "eighty" be substituted.

I further beg to move that in clause 2, after sub-clause (b)(ii), the following be added, namely :—

"(iii) in clause (c), after the words, 'season tickets' the words, 'for places forty-eight kilometres to or from Government House' shall be inserted."

স্বীকার মহাশয়, আমার প্রথম একটা amendmentকে নিকে চাই। আমার ৪ নং amendmentএ একটা ভুল আছে, টাঈপের ভুল—চাপার ভুল বা অন্য লোকের ভুল ওটা above 48 kilometres হবে :

Mr. Speaker : It is a printing mistake. You need not worry.

